

# দীনেশচন্দ্র সেন

জিজাসা॥ কলিকাতা

প্রথম প্রকাশ : ফাব্ধন ১৩১৩ : ১৮২৭ শক

প্রকাশক শ্রীশ্রীশকুমার কুণ্ড জিজ্ঞাসা ১৩৩এ রাসবিহারী অ্যান্ডিনিউ। কলিকাতা ২৯ ৩৩ কলেজ রো। কলিকাতা ৯

মুদ্রক শ্রীমণীন্দ্রকার সরকার ব্রাক্ষমিশন প্রেস। ২১১৷১ বিধান সরণী। কলিকাতা ৬

## উৎসর্গ

বঙ্গের উচ্ছল-রত্ব,
দেশহিতে অক্লান্তকর্মা
স্থাকুলাগ্রগণ্য
মাননীয় বিচারপতি
শ্রীকুক আন্ততোষ মুখোপাধ্যায়
এম, এ, ডি, এল, মহোদয়ের
শ্রীকরকমলে
এই কুল গ্রন্থখানি
অশেষ ভক্তির নিদর্শনম্বরপ
প্রদন্ত হইল।

অছকার

## ভূমিকা

मक्तराख मजीव (मह-जाराव जेमाशान मकरान विवास व्यापन नि সেই উপাখ্যানটি গল্লছলে এই পুস্তকে লিখিত হইয়াছে। "বেহলা" ও "ফুল্লরা" লিখিতে যাইয়া প্রাচীন সাহিত্যের যেরূপ অজস্র উপকরণ দ্বারা আমি সহায়বান হইয়াছিলাম, দাকায়ণী সতীর বুতান্ত লিখিতে আমি তদ্রপ দাহায্য অতি দামান্তই পাইয়াছি। মাধবাচার্য্য, মুকুন্দরাম, ভারতচন্দ্র ও জয়নারায়ণ প্রভৃতি বহুসংখ্যক প্রাচীন বঙ্গীয় কবি এ সম্বন্ধে যে কিছু বিবরণ দিয়াছেন তাহা অতি সামান্ত, আমি তাহা হইতে আহরণ করিবার উপযোগী উপকরণ অতি অল্পই পাইয়াছি। ভারতচন্দ্রের বর্ণিত শিবের ক্রোধ ও দক্ষযজ্ঞ-নাশ-–ছন্দের ঐশ্বর্যা ও ভাষাসম্পদে উব্ধ কবির অমরকীর্ত্তিস্বন্ধপ প্রাচীন কাব্যসাহিত্যে প্রতিষ্ঠা লাভ করিয়াছে। কিন্ত ভুজনপ্রয়াতছন্দ ভাঙিয়া কথাগুলি গতে পরিণত করিলে কবির অপুর্ব শব্দমন্ত্রের মোহিনী শক্তি নষ্ট হয়, স্মৃতরাং অন্নদামঙ্গল হইতে আমি উপকরণ সংগ্রহের তাদৃশ ত্মবিধা প্রাপ্ত হই নাই। অপরাপর বঙ্গীয় কবিগণক্বত এই বিষয়ের বর্ণনা অতি সংক্ষিপ্ত, এমন কি উল্লেখযোগ্যই নহে। শ্রীমদ্ভাগবতে দক্ষযজ্ঞের বর্ণনা কতকটা সবিস্তর, আমি তাহাই কথঞ্চিৎ অবলম্বনপূর্বক এই গল্পটি লিখিয়াছি।

এই উপাধ্যানসংক্রান্ত একটি কৈফিয়ৎ আমাকে দিতে হইবে। এ দেশের লোকের প্রচলিত বিখাস বে, মহাদেব যথন সতীকে দক্ষালয়ে বাইতে নিবেধ করিয়া ছিলেন, তথন সতী দশমহাবিভার বিচিত্ররূপ ধারণপূর্বক স্বামীকে ভয় দেখাইয়াছিলেন। আমি এই অংশ উপাধ্যান-

#### ভূমিকা

ভাগ হইতে বর্জন করিয়াছি। সংস্কৃত পুরাণ ও তন্ত্র আলোচনা করিলে দেখা যাইবে, একমাত্র মহাভাগবতপুরাণে দশমহাবিভার আবির্ভাব সম্বন্ধে উক্তপ্রকার আখ্যায়িকা পরিদৃষ্ট হয়, অন্ত কোন প্রাচীন গ্রন্থে তাহা নাই। কুজিকাতন্ত্র, স্বতন্ত্র তন্ত্র, নারদপঞ্চরাত্র প্রভৃতি বহুসংখ্যক প্রাচীন সংস্কৃত গ্রন্থে দশমহাবিভার আবির্ভাবের কারণ ভিন্নরূপ নির্দিষ্ট হইরাছে। এই সকল গ্রন্থের অনেক স্থলেই দৃষ্ট হয় বিশেষ বিশেষ অম্বন্ধ নিধনকালে কিংবা অপর কোন প্রকার ঘটনায় পড়িয়া দেবী দশমহাবিভার ভিন্ন ভিন্ন নাম পরিগ্রহ করিয়াছিলেন— দক্ষালয়ে যাওয়ার উপলক্ষে তাঁহার দশম্ভির কল্পনা একমাত্র পুর্বক্ষিত মহাভাগবত-পুরাণেই দৃষ্ট হয়; দক্ষযজ্ঞের সম্বন্ধে শিবপুরাণ ও শ্রীমন্তাগবতের আখ্যায়িকাই বিশেষরূপ উল্লেখযোগ্য, তাহাতে দশমহাবিভার কল্পনা নাই। শুদ্ধ মহাভাগবত-পুরাণের উপর নির্ভর করিয়া ভারতচন্ত্র প্রভৃতি প্রাচীন বঙ্গীয় করিগণ দশমহাবিভার বৃত্তান্ত সক্ষলন করিয়া গিয়াছেন এবং তজ্জন্তই এ দেশে সেই ধারণাটি বন্ধমূল হইয়াছে।

আশা করা যায়, একমাত্র সংস্কৃত পুরাণের নজির গ্রহণ না করার অপরাধে গল্পকেককে বিশেষরূপে দোষী সাব্যন্ত করা হইবে না। কবিবর হেমচন্দ্র তাঁহার দশমহাবিভানামক কাব্যে দশমহাবিভার আবির্ভাব সতীর দেহত্যাগের পরবর্তী বলিয়া কল্পনা করিয়াছেন, তাহা সম্পূর্ণরূপে তাঁহার কল্পনায় সৃষ্টি। আমি সতীর চিত্র যে ভাবে চিত্রণ করিতে চেষ্টা পাইয়াছি, তাহাতে দশমহাবিভার সঙ্গতি রক্ষা করা আমার পক্ষে কঠিন হইত, এজন্তই আমি উহা বর্জন করিয়াছি এবং এ সম্বন্ধে প্রায় সমস্ত সংস্কৃত গ্রহাক্ত বিবরণ হবন আমার অস্কৃত্ব, তখন আমি লিখিতে যাইয়া ষয়ং কোনক্ষপ দিখা বোধ করি নাই।

ভূমিকা

প্রাচীনকালে স্বামীর প্রেম ও রমণীর পাতিত্রত্যের বে আদর্শ বলীয়সমাজের সমূধে ছিল, এই গল্লে যদি তাহার আভাস দিতে সমর্থ হইয়া
থাকি, তবেই শ্রম সার্থক জ্ঞান করিব। আমাদের সর্কবিষয়ে প্রাচীন
আদর্শ কি ছিল, তৎসঙ্গে শিক্ষিতসম্প্রদারের পরিচয় স্থাপন করা উচিত—
তাহা হইলেই আমরা বর্ত্তমানের উপযোগী সমাজ গঠনের মৃদ্
ভিত্তিভূমি পাইব, নতুবা পাদ্রীর বক্তৃতা শুনিয়া কাফ্রি বা সাঁওতালের
ভাষ একবারে নিজস্ব হারাইয়া—নব্য-সভ্যতার প্রাসে পতিত হওয়া
লাঘার বিষয় নহে। সেই পরিচয়স্থাপনের চেষ্টা কি সাহিত্য, কি
সমাজ, কি শিল্প, সকল দিক দিয়াই প্রত্যেক স্বদেশভক্তের প্রস্তম্বের
বিষয় হওয়া উচিত। সাহিত্যক্ষেত্রে এই লক্ষ্যই আমার সামান্ত
লেখনীকে প্রেরণা দান করিয়াছে।

बीमीतमहस सन

# সতী

ভ্ড-প্রজাপতির গৃহে মহাযজ্ঞ—অঙ্গিরা, মরীচি প্রভৃতি দেবর্ষিগণ মন্ত্রপাঠ করিতেছেন। রাত্রিকাপে চন্দ্র ও দিবসে স্থ্য পর্যায়-ক্রমে ঘারদর্শীদ পদ গ্রহণ করিবাছেন। দেবসভায় বিষ্ণু মাল্য-চন্দ্রন পাইয়া যজ্ঞের কার্য্য পর্য্যবেক্ষণ করিতেছেন, এবং দেবরাজ ইন্দ্র কর্মকর্ত্ত্রূপে অভ্যাগতদিগকে আদরে আপ্যায়িত করিতেছেন। স্বয়ং ব্রহ্মা সপ্তর্মিন মণ্ডল ও বৃহস্পতির সঙ্গে শাস্ত্র-বিচার জ্ড্য়া দিয়াছেন; উনকোটি তাহার হল্তে আলো রক্ষার ব্যবস্থা হইয়াছে। তাঁহারা বিশেষ করিয়া রক্ষনশালা পর্য্যবেক্ষণ করিতেছেন, বরুণ ভ্লারহল্ডে নবাগত দেবগণের পদ-প্রকালন করিতেছেন। কপিলাগাভী অজ্ঞেধারায় ছগ্ম প্রদান করিতেছে এবং বিষ্ণুদ্তগণ সেই ছগ্ম হইতে সভ্তঃ হব্য প্রস্তুত করিতেছে। সেই হব্যে পুত্ত হইয়া হোমাগ্রি জ্লিতেছে।

যমরাজের সঙ্গে অখিনী-কুমারছয় আয়ুর্বেদ সম্বন্ধে তর্ক উথাপন করিরাছেন। যমরাজ মাণিক্য-মণ্ডিত একটা নক্ষাধার হইতে নক্ষ গ্রহণ করিয়া অনেক কথা শুনিয়া তুই একটি উত্তর দিতেছেন। তাঁহার রথবাহক হর্ণ-শৃঙ্গ রুঞ্চকায় মহিশপ্রবর ব্রহ্মার অঙ্গের রক্তজ্যোতিঃ দেখিয়া ক্রোধেরোমাঞ্চিত হইতেছে। শৃঙ্গপাণি সভার একটু দ্রে উর্জনেত্র হইয়া বিদয়া আছেন—যেন প্রশাস্ত রজতগিরি। সেই শ্বেতকান্তি সৌয়য়য়্তি বেইন করিয়া যে রক্তচক্ সর্পরাজ চতুর্দিকে দৃষ্টিপাত করিতেছিল, সহসা সে বিক্রবণবাহী গরুড্কে দেখিয়া ভয়ে মহাদেবের সিদ্ধির পলিয়ার ভিতর মাথাটা শুঁজিয়া দিতেছে। মহাদেবের পার্শ্বে ব্রহ্ডবর অর্ক্রনিমীলিত-চক্ষেশীয় প্রভ্কে দর্শন করিতেছে। ব্রবর মুর্জি কতকটা শিবের স্থায়ই শাস্ত।

রশ্বনশালায় মৃর্ত্তিমতী শ্রী। শত শত অগ্নমের ; ঘ্রত, মধু, ঘ্রন্ধ, দধির সবোবর। "ভূজ্যতাং দীয়তাং" শব্দ আকাশ ভেদ করিয়া উঠিয়াছে। যজ্ঞশালা ক্রক্, ক্রব, দণ্ডাদির সংঘট্ট-শব্দ এবং অগ্নিহোত্রী ও ঋত্বীক্গণের মন্ত্রপাঠে মুখরিত। সমিধ্ ও কুশ শকটে শকটে আহত হইতেছে। অষ্টবস্থ বস্ত্র ও ধন দান করিয়া তিলমাত্র অবসর পাইতেছেন না।

দেব-যজ্ঞ এই ভাবে নির্বাহিত হইতেছে। এমন সময়ে ব্রহ্মার জ্যেষ্ঠ পুত্র দক্ষ প্রজাপতি সেই সভাগৃহে উপস্থিত হইলেন।

দক্ষ দান্তিক-প্রকৃতি, উন্নত-তেজপুঞ্জ বপুঃ। ব্রহ্মার আদরে তিনি জগৎকে নগণ্য মনে করেন। দেবগণের অতিমাত্র বশুতা ও নম্র ব্যবহারে তাঁহার দান্তিকতা বিশেষরূপে বৃদ্ধি পাইয়াছে। তিনি গৃহে প্রবেশ করিবামাত্র দৌহিত্র সূর্য্য ও ইন্দ্র, এবং জামাতা ধর্ম, অগ্নি, চন্দ্র প্রভৃতি দেবরুক্ত তাঁহাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন; সকলেই উঠিয়া দাঁড়াই লেন। দক্ষ সমাগত দেববৃন্দকে সহাস্তবদনে শিরো সঞ্চালনপূর্বক কথঞিৎ প্রীতিপ্রফুল্লনেত্রে অভ্যর্থনা করিলেন। তিনি ইঙ্গিতে দেবগণকে বঙ্গিতে অমুমতি প্রদান করিলে তাঁখারা কুতার্থ হইয়া উপবেশন করিলেন। তিনজন তাঁহাকে দেখিলা উথান করেন নাই। এক্সা—দক্ষের পিতা, বিষ্ণু-পিতৃস্থা, ইংগারা দক্ষের নমস্ত। কিন্তু শিব দক্ষত্হিতা সতীকে বিবাহ করিয়াছেন। তিনি জামাতা, তিনি খন্তরকে দেখিয়া উঠিয়া দাঁড়ান নাই, বা প্রণাম করেন নাই। জামাতার এই ব্যবহারে দক্ষের মুখমণ্ডল রোম-দীপ্ত হইল, তাঁহার ললাট হইতে ক্মলিঙ্গের ভাষা জ্ঞালা নিংসত হইতে লাগিল। তিনি বিরূপাক্ষের দিকে সন্থণ দৃষ্টি নিক্ষেপ করিয়া বলিলেন, "শিব, তোমার এত বড় আম্পর্দ্ধা ৷ আমার কন্তাকে বিবাহ করিয়া তুমি দেবসমাজে স্থান পাইয়াছ: নতুবা তুমি যে শ্রন্ধতির লোক, তোমায় দেবতাসমাজে অপাংজেয় হইয়া থাকিতে হইতে।
ত্মি কোথা হইতে আসিয়াহ, তাহা কেহ জানে না, তোমার গোত্র
ও কুলের পরিচয় নাই। তোমার আচার ব্যবহার জহান্ত, তুমি শ্মশানে
থাক, ঘ্রণিত জিক্ষার্ত্তি তোমার ব্যবসায়, একটা বাঁড়ের উপরে চাপিয়া
ত্মি সাপ লইয়া থেলাও। কোন্ পার্বত্য সাপুড়ে দেশ হইতে তুমি
আসিয়াহ, তাহা জানি না। বসন-ভূষণ নাই—দিগম্বর, সময়ে সময়ে
হর্গন্ধ বাঘহাল পরিয়া থাক। এই ঘ্রণিত আচরণ দেবসমাজে অতি
নিশ্দিত। আমার দিকে চাহিয়া তাঁহারা তোমায় কেহ কিছু বলেন না।
দেখ, আমার জামাতা চক্রকে দেখ—যেমন মধ্র প্রকৃতি, তেমনি বিনমী
—যেমন রূপবান্, তেমনি গুণশীল। তাঁহার রূপের গুণে দেব-সভা
উজ্জ্বল, বিশ্ব উজ্জ্ব। আয়ি ও ধর্ম ইহারাও জামাতা, ইহারা তিদিব
উজ্জ্বল করিয়া আছেন। আর তাঁহাদের পার্যে জাতিহীন, কুলহীন,
বুনবাহন, নগ্রকায়, কিপ্ত ভিক্কককে জামাতা বলিয়া পরিচয় দিত্তেও
ঘুণা হয়। তোমার অহঙ্কারের মাত্রা পূর্ণ হইয়াছে, তাহা একেবারে
আমি চূর্ণ করিব।"

এই উব্ভিতে বিফু, ইল্ল প্রভৃতি দেবগণ লক্ষিত হইলেন। কিন্তু
দক্ষ ব্রহার অতি প্রিয়, এই জন্ম সকলেই কেবল মাণা ইেউ করিয়া
রহিলেন। স্বয়ং ব্রহা অতিমাত্র পুত্রবাৎসল্যে প্রতিবাদ করিতে কৃষ্টিত
হইলেন।

দক্ষ যখন শিবের নিন্দাবাদ করিতেছিলেন, তখন ছণ্ডর মুখে উল্লাদের চিহ্ন দেখা যাইতেছিল। ভ্রুব গৃহেই বজ্ঞ—গৃহপতি দক্ষের কথার সায় দিলেন। তৎসঙ্গে পুষা প্রভৃতি ঋবিগণও মহাদেবের নিন্দায় বেশ আমোদ অস্থভব করিতে লাগিলেন। তাঁহারা শিবনিন্দা

ন্তনিরা অহুকুল ভাবে ঘাড় নাড়িতে লাগিলেন। উৎসাহিত হইয়া দক্ষ মহাদেবের প্রতি যথেষ্ট কট,জিবর্ষণ করিলেন।

বৃণভের পার্থে শৃলহতে নন্দী দাঁড়।ইয়াছিল। তাহার সর্বদেহ ক্রোধে কম্পিত হইতে লাগিল। ক্রোধে তাহার ছইটি চক্ষের তারা ছুটিয়া যাই-বার মত হইয়াছিল। সে বিক্ষুক্ক বারিধির স্থায় অক্ষুট-গর্জন মাত্র করিতেছিল, মহাদেবের ইঙ্গিতে কোন কথা স্পষ্ট কার্য়া বলিতে সাহস্পায় নাই। বৃণটিও যেন শিবনিন্দায় ব্যথিত হইয়া ছই চকু হইতে অঞ্জ্যাগ করিতেছিল।

শিব কোন কথাই বলেন নাই, তিনি একবার উর্দ্ধচকু নত করিয়া দক্ষের প্রতি দৃষ্টি করিয়াছিলেন। সে দৃষ্টিতে ক্রোধ ছিল না, ক্ষমা ছিল। —ব্যথার চিহ্নমাত্র ছিল না, ক্ষণার স্থিমতা ছিল। দাজিক দক্ষ ভাবিলেন, শিবের এই ভাব—ঘুণার ছন্মবেশমাত্র। তিনি ক্রোধে আরও জলিয়া উঠিলেন।

যজ্ঞ শেষ হইয়া গেল। গাঁহার ভক্ষ ও চক্ষনে সমজান, এমন মহাদেবের নিকট আদর ও ঘুণার তারতম্য কি 📍

জগতের হলাহল একমাত্র শিবই পান করিতে সমর্থ এবং হলাহলগিল্প-মহন করিয়া যে অমৃতের উৎপত্তি হয়, একমাত্র শিবই তাহার
ভোজা। দেবসভা হইতে যে ঘুণা ও কট্ জির বর্ষণ হইল, তাহা মর্ম্মরপ্রস্তবের উপর বারিবর্ষণের ভায় তাঁহার চিতে কোন রেখা আঁকিয়া গেল
না। তাঁহার বিশাল জটাজুটে গঙ্গার যে মৃত্-মধুর কলরব হইতেছিল,
আনন্দময়ের তাহাতেই পরমানন্দ জাগিয়া উঠিল। তিনি তাঁহার কর-ধৃত
বিষাণ বাদনপূর্বক আনন্দ্রবনিতে আকাশ কম্পিত করিয়া কৈলাসপ্রীতে-প্রত্যাগত হেইলেন। সমুদ্রমহনকালে দেবগণ অমৃতের জাগ

পাইয়াছিলেন, শিব বিষ পান করিয়া আসিয়াছিলেন। এবারও তাহাই হইল, ভৃগু সমন্ত দেবগণকে অমৃত তুল্য আদরে আপ্যায়িত করিলেন। অপমানের তীত্র বিষ শিবের প্রতি ব্যতি হল। কিন্তু শিব-মুশ্বের অর্দ্ধেন্দু-উজ্জ্বল প্রসন্নতা দেখিয়া কে তাহা জানিতে পারিবে ?

শুধু নন্দীর মনে সেই তীব্রজালা জলিতে লাগিল। সপ্তাহ পর্যান্ত নন্দী আহার করে নাই। রাত্রিতে নিদ্রা যায় নাই, সিদ্ধি খুটিতে খুটিতে অতিমাত্র ক্রোধে নন্দী কষ্টি পাথরের আধারগুলি ভাঙিয়া ফেলিয়াছে। সতী বলিতেন, "নন্দী, তুই সমস্ত অন্থরের বল পাত্রগুলির উপর প্রয়োগ করিলে তাহা উহারা সহিতে পারিবে কেন ?"

2

এদিকে শিবের প্রতি দক্ষ-প্রজাপতির ক্রোধ ক্রমেই বাড়িয়া চলিল। ভাবিলেন, এত ভর্পনা করিলাম, তাহার উন্তরে একটা কথা বলিল না, বেটার এরূপ অভিমান? দেবতারা বলে—ইহার নমস্ত কেছ নাই। ইহাতেই মনে হয়, শিব অতি হীনকুলে জন্মগ্রহণ করিয়াছে; অমরগণের স্বরহৎ পরিবার—ইহাতে কনিষ্ঠ জ্যেষ্ঠের প্রতি মর্য্যাদা-বৃক্ত না হইলে সামাজিক শৃঞ্জা থাকিবে কিসে? শিব ভূঁইকোড়, শ্বতর পিতৃত্ল্য, তাঁহাকে প্রণাম করিবে না। বৃহস্পতির সঙ্গে অনেক শাস্ত্র ঘাঁটিয়া দেখা গেল, এরূপ বিধি কোথাও নাই।

দক্ষের দল ক্রমেই পুষ্ট ও প্রবল হইয়া উঠিল। তাহারা একবাক্যে বলিল, "শিবের আচার দেবসমাজের বিধিবহিন্তু ভ; আমর। তাহাকে দেব বলিয়া বীকার করিব না।"

তাহার। দক্ষের ক্রোধ ক্রমেই উদীপিত করিয়া দিল। একে ত শিবের মৌন-উপেক্ষা-কল্পনায় দক্ষ অত্যক্ত চটিয়া গিয়াছিলেন, তাহার উপর বিক্বতানন নন্দীর রোধক্যায়িত সন্থণ দৃষ্টির কথা মনে পড়িয়া দক্ষ ক্রোধে উন্মন্তবৎ হইয়া উঠিলেন। তিনি অবশেষে প্রকাশ্য-ভাবে দেব-সমাজে এই আদেশ প্রচার করিয়া দিলেন যে, শিবের সঙ্গে আর দেবসমাজ এক পংক্রিতে ভোজন করিবেন না। যজ্ঞের ভাগে শিবের কোন অধিকার থাকিবে না।

স্থাপি কুটিল শাশ্রগুলি অসুলি ঘারা মার্জনা করিতে করিতে ভ্স্ত বলিলেন, "এবার ভাঙ্গড় জব্দ হইবে, এই ব্যবস্থা উৎকৃষ্ট হইল।" অষ্টদিক্পাল দক্ষ-প্রজাপতির এই আদেশ জগতে প্রচার করিলেন, মহাদেব যজ্ঞাগ পাইবেন না।

সমন্ত জগৎ এই আদেশে ভীত-ন্তর হইয়া গেল। শিবহীন যজ্ঞ কে করিবে ? হৈহয়, যথাতি, মান্ধাতা প্রভৃতি রাজরাজেশ্বরগণ সর্বদায় যজ্ঞের অহঠান করিতেন, শিবহীন যজ্ঞ করিতে তাঁহারা সাহসী হইলেন না। যজ্ঞেশ্বর বিষ্ণু অন্ধার মুখের দিকে চাহিয়া এই আদেশের প্রতিবাদ করিতে পারিলেন না। অপচ শিবহীন যজ্ঞের ভাগ গ্রহণ করিতে তাঁহার কোনই উৎসাহ রহিল না। দেবগণ কিংকর্ত্ব্যবিমৃচ হইয়া নর-জগতে কোন উৎসাহ দিতে পারিলেন না, অপচ দক্ষের বিরুদ্ধাচরণ করিতেও ভরসা পাইলেন না।

যজ্ঞ বন্ধ হওয়াতে অনাবৃষ্টি হইল; পৃথিবীর বর্ণ প্রতপ্ত তাম্রখণ্ডবৎ ধূদর-রক্ত হইয়া উঠিল। শস্ত দন্ধ হইয়া গেল। কীট-পতঙ্গ, পণ্ড-পক্ষী, মহয়—লক্ষ লক্ষ মৃত্যুমুখে পতিত হইতে লাগিল। ঋষিগণ হোমকার্য্যে বিরত থাকিয়া তপোভ্রষ্ট হইয়া,পড়িলেন। যোগিগণ অক্তম্ব বায়ু নিরোধ

করিতে কষ্ট বোধ করিতে লাগিলেন, যজ্ঞাগ্রির ধূমে মরুৎ-পরিষ্কৃত না হওয়াতেও জীবের পক্ষে খাসপ্রখাসক্রিয়া যেন কতকটা আয়াস-সাধ্য হইয়া উঠিল।

রুদ্রের অপমানে পৃথিবীতে রোদ্র প্রথর হইয়া উঠিল। ধরিত্রী আলা বোধ করিতে লাগিলেন। দিগ্গজগণ ঘন ঘন আর্জনাদ করিতে লাগিল। বালখিল্য ঋষিরা রুক্ষের আশ্রয়চ্যুত হইতে উভত হইলেন। দিক্পালগণ কম্পিতকলেবর হইতে লাগিলেন, তাঁহাদের নেত্রস্পদনে মুহুর্হ বস্করা কম্পিত হইতে লাগিল।

শিব-হীন যজ্ঞে কে সাহস করিবে ? পৃথিবী ক্রোধ ও বিদ্বেষর আগার হইরা উঠিল। কারণ ধর্ম শিবহীন। যাহার উদারার সংস্থানের উপায় নাই, সে বিলাসী হইরা মৃত্যুমুথে পতিত হইতে লাগিল, কারণ তাহার লক্ষ্য শিবহীন। পরিধের ও ভূষণের বাহল্য হইল—অথচ গৃহে শিশুগণ না খাইরা মৃতপ্রায়, গৃহ-কর্তার সেদিকে দৃষ্টি নাই কারণ তাহার দৃষ্টি শিবহীন। গৃহক্রীরা বিলাসিনী হইয়া উঠিল, কারণ শিবহীন গৃহে অয়পুর্ণার সাধনা কে করিবে ? স্বেচ্ছায় কিংবা পরার্থে কেহ কন্টকের আঁচড় স্বশরীরে সহু করিতে প্রস্তুত্ত নহে, অথচ আলস্তুদ্ধিত নিশ্চেষ্ট দেহ পরক্বত সর্বপ্রকার অত্যাচার সহু করিতে লাগিল। প্রতারক ধর্ম-যাজকগণ তামসিক ভাবকে সত্য গুণ বলিয়া প্রতিপম্ম করিতে লাগিল। বিলাস ও মৃঢ্তা চরিত্রকে অধিকার করিয়া বিলাল—কারণ ত্যাগী এবং সত্যস্বরূপ শিবের আদর্শ জগৎ হইতে অপস্ত হইল।

ব্রন্ধার স্থা বৃধ হইতে চলিল। প্রশ্ন এই—"দক্ষ চাও না শিব চাও ?" জগৎ এই চ্য়ের অধিকার সহ্থ করিতে অসমত। একদিকে দন্ত, বল, স্বেজ্ঞাচারিতা এবং প্রবল দণ্ড-শক্তি—অপর দিকে প্রচাগ,

নিবৃত্তি ও ব্রহ্মানন্দ, কোন্টা চাই ? দক্ষের কঠোর অমুশাসন পৃথিবীর অস্থ হইল। ভীত, ব্রন্থ এবং মৃক জগতের প্রাণ ফাটিয়া ঘাইতেছিল। তথাপি মনের কথাটি উচ্চারণ করিবার সাহস তাহার হইল না—সেক্থাটি, "আমরা দক্ষকে চাই না, আমরা শিবকে শিরে ধারণ করিব।"

9

বিষ্ণু জগতের রক্ষাকর্জা। তিনি নারদকে ডাকিয়া বলিলেন, "ব্রহ্মাত সৃষ্টি করিয়াই দায় হইতে মুক্ত, এই জগৎকে রক্ষা করা কিরূপ শক্ত তাহা ত তিনি জানেন না। পুত্রটি অতিরিক্ত আদরে নই হইতেছে. ইহার হুর্গতির সীমা পরিসীমা থাকিবে না। আমার সে সকল কথা এখন আত্মীয়তা-য়লে না বলাই ভাল, কিন্তু পৃথিবীর রক্ষার একটা উপায় ত করিতে হইবে! ভূমি বৈবস্থত মহর পুত্র প্রিয়ব্রতকে যজ্ঞ করিতে বলিয়া আইস। সে অতি প্রবল রাজা, সাতবার পৃথিবী প্রদক্ষিণ করিয়াছিল, প্রদক্ষিণ-কালে তাহার র্থচক্রের ঘর্ষণে পৃথিবী ক্ষমগ্রন্ত হইয়াছিল, সেই সপ্তরেখা সপ্ত-সিক্কৃতে পরিণত হইয়াছে। প্রিয়ব্রত জগতের রাজকুল-চক্রবর্জী। বিশেষতঃ, সে দক্ষের শ্লালক। সম্ভবতঃ, সে সাহসী হইয়া যজ্ঞারম্ভ করিতে পারে।"

নারদের বীণাধ্বনি শুনিরা প্রিয়ত্রত দিখিজয়ে বাত্রা স্থগিত করিয়া
দেববির আগমন প্রতীকা করিতে লাগিলেন। স্থগপ্রদেশ অপূর্ব্ব
বীণাঝজারে নাদিত করিয়া দিব্যপ্রভা-মণ্ডিত ঋষিপ্রবর প্রিয়ত্রতের
প্রাসাদে অবতীর্ণ হইলেন। নারদ তাঁহাকে গোপনে বিষ্ণুর অভিপ্রায়
জানাইলেন। কিছুকাল নীরব থাকিয়া—প্রিয়ত্রত বলিলেন, "বাহার

দেহ কোন ভৌতিক উপাদানে নির্মিত নহে, যিনি সচিচদানশ-বিগ্রহ, থমন দেবাদিদেব শিবের নমস্ত আবার কে থাকিবে । দক্ষ প্রজাপতি পাগল হইরাছেন—শিবহীন বিশ্ব দগ্ধ হইতে উন্নত, আমি পৃথিবীকে সরস রাখিবার জন্ত যে সপ্তসিন্ধু প্রস্তুত করিয়াছি, রুদ্রের অপমানে বারিরাশি ধ্মের ভায় উড়িয়া যাইতেছে, আর কিছুকাল পরে তাহা শুক্ষ হইয়া যাইবে। শিবহীন বিশ্ব বাস-যোগ্য নহে। আমি শিবহীন যজ্জ কখনই করিতে সমর্থ নহি। বিষ্ণু ঘরের কলহ মিটাইয়া আমাকে যে আদেশ করিবেন, তজ্জ্ব্য আমি সকলই করিতে প্রস্তুত। কিন্তু দেব-সমাজের এই বিশ্বেষ-বহ্নিতে পুড়িয়া মরিবার জন্ত আমিই সর্বপ্রথম পত্র হইতে স্বীকৃত নহি।"

বীণা ৰাজাইতে বাজাইতে নারদ বিষ্ণুকে যাইরা প্রিয়ত্রতের অভিপ্রায় জ্ঞাপন করিলেন। বিষ্ণু এই সংবাদে একটু চিস্তান্বিত হইয়া পভিলেন।

'দেবরাজ ইন্দ্র স্বয়ং প্রথম যজের অন্থান করুন না কেন ? দক্ষ প্রজাপতি, বৃহস্পতি, ভৃগু ও সপ্তবিমগুলী তাঁহার সহায়, তিনি দক্ষের দৌহিত্র; ভীত হইবার পাত্র নহেন। নারদ, তুমি দেবরাজকে আমার আদেশ জানাইরা আইস। দেবরাজ স্বয়ং যজ্ঞ করিলে নরলোকে যজ্ঞাস্থ্রানে আর কোন বাংগাধাকিকে না।'

ইন্দ্র নারদকে বলিলেন, "আমি শিবহীন যজ্ঞ সর্বপ্রথম করিতে সাহসী নহি। শিবের পিণাক অমরাবতীর সর্বপ্রথম ভিত্তিসক্ষপ। ত্রিপুরাত্মরকে বধ করিয়া এই সিংহাসনে শিবই আমাকে ত্মপ্রভিত্তিত করিয়াছেন। বিষ্ণু আমাকে কেন এই বিপক্ষনক ব্রতে ব্রতী হইতে অস্বরোধ করিতেছেন ? দেবগণ বহুদিন যজ্ঞভাগ পান নাই—ভাঁহার।

ক্ষীণপুণ্য হইয়া পড়িতেছেন, কিন্তু আমি কি করিব ? আমি এ সম্বন্ধে কিছুই স্থির করিতে পারিতেছি না। আপনি অন্তত চেষ্টা দেখুন।"

নারদ এই উত্তর লইয়া আর বিষ্ণুর নিকট গেলেন না, তিনি স্বয়ং আর একটা উপায় উত্তাবন করিলেন।

দক্ষের গৃহে উপনীত হইয়া নারদ দক্ষকে প্রণামপূর্বক দাঁড়াইয়া রহিলেন। দেবশিল্পিনিমিত বহুমূল্য রোমজ পরিচ্ছদে দক্ষের স্থলীর্ঘ দেহ মণ্ডিত, তাঁহার কান্তিতে প্রথর দেব-প্রভা, তাহা হইতে সৌরকরআলা বিচ্ছুরিত। ললাটের শিরা ক্ষীত, নেত্রে দর্প, ওঠ ও হনুতে বাগ্মিতার চিহ্ন। অহঙ্কারে ক্ষীত মুখমগুলে সর্বাদা জগতের প্রতি
উপেক্ষার ভাব বিভ্যান। নারদকে দেখিয়া দক্ষ প্রজাপতি বলিলেন,
"নারদ, তুমি কি শোন নাই, পিতা আমায় সমন্ত প্রজাপতিগণের উপরে
আবিপত্য প্রদান করিয়াছেন। তোমার ঘটকালীতে সতী-মেয়েটাকে
একেবারে ভরাড়্বী করিয়াছি, ভালর বেটা বিশেষ অপদক্ষ হইয়াছে।
দেবসমাজে আর তাহার স্থান নাই, যজ্ঞভাগ কেছ আর তাহাকে দেয়
না—দে একেবারে দেবসমাজ হইতে বিতাড়িত হইয়াছে।"

নারদ বলিলেন, "শিব আর কি অপদস্থ হইয়াছেন! শিবহীন যজ্ঞ আর কেহই করিতে সাহদ পাইতেছে না। আপনার নিষেধ-বিধিতে এই লাভ হইয়াছে, দেবতাদের মধ্যেও আর কেহ যজ্ঞভাগ পাইতেছেন না। তাঁহারা ক্ষীণ-পুণ্য হইয়া পড়িয়াছেন। ধরিত্রী যজ্ঞহীন হইতে প্রপীড়িত হইতেছেন। পুদ্ধর, শম্বর ও আবর্ত্ত প্রভৃতি মেঘমগুল অন্তঃসারশ্ভ হইয়া পড়িয়াছে। মহার্ণব জলহীণ হইয়া যাইতেছেন। বরুণের রাজ-কোব শৃভা। হোমাগ্রির অভাবে মরুৎ-মগুল দ্বিত হইয়া পড়িয়াছে। শিবের কিছুই ক্ষোভ হয় নাই। নন্দী দিল্লি শুটিতেছে,

আপনার ভাঙ্গড় জামাতার চিরাভ্যন্ত মহানন্দের কোনই ক্রটি নাই। বিষাণে ওঙ্কার ধ্বনিত হইতেছে এবং কর্ণাবলম্বী ধৃন্ত্ব-পুম্পের ড্রাণে তিনি মাতোয়ারা হইয়া আছেন।"

দক্ষের জ কুঞ্চিত হইল, তিনি গর্মিত কঠে বলিলেন, "কি ? আমি প্রজাপতিগণের অধীশ্বর দক্ষ সহায় থাকিতে শিবহীন যজ্ঞ করিতে কেহ সাহসী হইতেছেন না ? এ বড় আশ্চর্য্য কথা। বাহা হউক, আমি এই বিষয়ের উল্যোগী হইয়া দেবসমাজকে শিক্ষা দিব। নারদ, তুমি প্রচার করিয়া দাও, আমার গৃহে বাজপেয় ও বার্হস্পত্য যজ্ঞের অস্থান হইবে। ত্রিজগৎ নিমন্ত্রিত হইবে। সুধু কৈলাসপ্রী বাদ দিয়া তুমি সর্ম্বত্ত নিমন্ত্রণ প্রচার কর।"

8

দক্ষ-যজ্ঞ আরম্ভ হইল। এয়োদশ ধর্ম দক্ষের জামাতা। কেছ
মহিষ-চালিত শকটে, কেছ রত্ম-রথে দক্ষ ভবনে যাতা করিলেন।
অধিনী, ভরণী, কৃত্তিকা প্রভৃতি সাতাইশ ভগিনী দক্ষকলা, তাঁহারা
চন্দ্রালায় হইতে আগত হইলেন। অধির স্ত্রী স্বাহা দক্ষের অপর এক
কলা, বিচিত্র যানারোহণ-পূর্বক তিনি পিত্রালয়ের অভিমুখে যাত্রা
করিলেন। গন্ধবিগণ ও দিক্পালগণের সঙ্গে দেবগণ একত্র মিলিত
হইয়া যজ্ঞসম্পাদনে ত্রতী হইলেন, স্বয়ং ভ্রু এই যজ্ঞে হোতাস্ক্রপ
বরিত হইলেন।

নারদ কৈলাসপুরীতে যাইয়া শিবকে বলিলেন, "ভগবন্! আপনাকে ছাড়া ত্রিজগতের সকলকেই নিমন্ত্রণ করার ভার আমার উপর পতিত

হইরাছিল, এই শিবহীন নিমন্ত্রণ ব্যাপারের জন্ম মার্চ্জনা ভিক্ষা করিতে আসিয়াছি।"

দেবাদিদেবের বিম্বোঠে মৃত্ হাস্ত প্রকাশিত হইল। ললাটের অর্দ্ধেশুর রিশিতে সেই হাস্ত মনোহর হইল। তিনি বলিলেন, "বজ্ঞহীন হইরা ধরিত্রী পীড়িত হইতেছেন। যজ্ঞ হইলেই মঙ্গল, আমাদের নিমন্ত্রণ নাই বা হইল; আমি কৈলাস পর্বতে থাকিতেই ভালবাসি—নন্দিকেশ্বর এবং আমি, কতকটা নির্জ্জনতা-প্রিয় হইয়া পড়িয়াছি। নিমন্ত্রণে বাওয়া আসা আমাদের পক্ষে ক্লেশকর ভিন্ন কিছুই নহে। কিছু তুমি সতীকে দক্ষ-গৃহের যজ্ঞের সংবাদ দিও না। তাঁহার পিতা আমার প্রতি বিরূপ হইয়াছেন। আমি তাঁহাকে তাহা জানাই নাই। তিনি এই সকল ব্যাপার শুনিলে মনে কট পাইবেন।"

নারদ খুরিয়া খুরিয়া কৈলাস পর্বত দেখিতে লাগিলেন। উচ্চদেবদারু-ক্রমের নিয়ের কোথাও বেদী প্রস্তুত, সেখানে শিব খোগাসনে আসীন হন। কোথাও সতীর বাহন সিংহ মহাদেবের বৃষের অঙ্গলেহন করিয়া সখ্য জানাইতেছে। অপূর্ব্য ধৃস্তুর-পূপারাজি চারিদিকে ফুটিয়া তীত্রমধুর গঞ্জে দিক্ প্রথাল করিতেছে। কোথায়ও হরীতকীর বন ও নিম্বক্রের শ্রেণী। যেখানে হর ও সতী একত্রে কথোপকথন করেন, সেই মনোহর স্থানটি যেন চিত্রে লিখিত। সেখানে রজতখণ্ড-পতনের শব্দের ভাষ বঙ্গার করিয়া রজতের ভায় শুস্তধার বিশিষ্ট অলকনকা বহিয়া বাইতেছে। নক্ষীর প্রকালিত শিলাক বিভৃতিস্পর্শে তাহার শুস্ততা স্থানে স্থানে মান হইয়া গিয়াছে।

দেবর্ষি দেখিলেন, কর্ণিকার পৃষ্পতরুমূলে সতী দাঁড়াইয়া আছেন। তাপনীর বেশ, অঙ্গইকে অপূর্ব্ধ কোমলতা প্রদান করিরা একধানি ব্যক্ত

শোভা পাইতেছে। তাহা দেহে বিলম্বিত, এবং সীমান্তপ্রদেশ ঈবং স্পর্ণ করিয়া রহিয়াছে। হত্তে ও কঠে ক্রন্তাক্ষরকার, আলুলায়িত কেশরাশিতে একটি অতসীকুস্থমের মাল্য প্রথিত। তিনি একটি কর্ণিকার তক্ষ সিরিহিত বিল্বক্ষ হইতে একটি বৃহৎ বিশ্বকল পাড়িতেছেন। বিশ্বের কণ্টকরাশি দেবীর স্পর্শে পরবে পরিণত হইয়া য়াইতেছে, এবং দেবী ছুঁইতে না ছুঁইতেই শাখা আনম্র হইয়া পড়িতেছে। তৎসয়দ্ধ ফলগুলি দেবীর স্পর্শ-প্রত্যাশায় আপনি আপনি করতলে আসিতেছে। নায়দকে দেখিয়া দেবী বলিলেন, "নায়দ ভূপর্যাটনই তোমার কর্ম। আমার পিতা দক্ষের গৃহের কোন সংবাদ জান ? আমার মাতাকে অনেক দিন দেখি নাই, আমার ছঃখিনী মাতাকে দেখিতে বড় সাধ য়াইতেছে।" সতীর চক্ষে একবিন্দু অঞ্চ দেখা দিল।

নারদ এ প্রকার প্রশ্নের প্রত্যাশা করেন নাই। তিনি কি উত্তর দিবেন! দেববি মিথা কথা বলিবেন না; শিবের আদেশ অমান্ত করাও তাহার পক্ষে শোভন নহে। তিনি দ্বিধা-কৃষ্টিত চিন্তে বলিলেন, "দেবি, দক্ষ এবং প্রস্থতি ভাল আছেন, আমি কলা ভাঁহাদিগকে দেখিয়া আসিয়াছি।" দেবী বলিলেন, "নারদ তুমি ভাঁহাদিগকে দেখিয়া আসিলে, ভাঁহারা কি আমার কথা কিছুই বলিলেন না!" নারদ নিরুত্তর রহিলেন।

দেবীর সম্পেহ ক্রমেই বৃদ্ধি পাইল। তিনি উৎকণ্ঠিত স্বরে বলিলেন, "তুমি এক্লপ করিতেছ কেন? তবে কি তাঁহারা কুশলে নাই?" নারদ বলিলেন। "তাঁহারা ভাল আছেন, কিছু মা, আমার ক্ষমা করিবেন, শিতৃকুলের কোন প্রশ্ন আমার করিবেন না।"

वहे विनया नायन वीना वाकाहेबा अञ्चाननय हहेरानन। उद्धृन्न

#### পোরাণিকী

বিচিত্র সংগীতালাপনে বীণা-তন্ত্রীর স্বরলহরী সেই পুণ্য নিকেতনকে মুধরিত করিল। পিণাকী সেই সঙ্গীতে যোগাদুধিতে নিমগ্ন ছইলেন। সমস্ত কৈলাসপুরী সেই বীণাবাদনে একথানি ভাবের চিত্রের ভায় স্থির নিম্পন্দ হইয়া রহিল। কেবল জবাতরুর ভাম শাখাপ্রশাধা হইতে অজস্র জবাপুপা নিয়ে পতিত হইয়া সেই স্থানে ঈশং চাঞ্চল্যের লক্ষণ প্রকটিত করিল, আর দেবীর হৃদয়ে মাতার জন্ত আকুলতা প্রবল উচ্ছাসে পরিণত হইয়া তাঁহাকে মৃর্ত্তিমতী উৎকণ্ঠা কিম্বা বাযুকম্পিত লতার ভায় বিচলিত করিয়া সেই সেই সৌম্য নিকেতনকে কথঞ্চং অশাস্ত করিয়া তুলিল।

C

দেবী যুক্তকরে দাঁড়াইয়া আছেন, তাঁহার সমুখে গুদ্র দ্বির রজতগিরিসঙ্কাশ দেবমূর্ত্তি। যেন কৈলাসোর্দ্ধে লগ্ন একথানি শুদ্র মেদ। বেন
মক্রংহিলোলবিক্ষুর হিমগিরি শিরোদেশে মক্রতাদিভূতের অনায়ন্ত গুরু
রজত গিরিসঙ্কাশ দেববিগ্রহ। করজোড়ে সতী দাঁড়াইয়া আছেন।
গিরি পার্শ্বে প্র্যান্তের প্রভাচন্দনে অহুরঞ্জিত হইয়া সন্ধ্যা দেবী যেমন
দাঁড়াইয়া থাকেন, অথবা সম্মত শুদ্র মেদপংক্তির পার্শ্বে প্র্যোদয়ের
সিন্দ্র ললাটে পরিয়া উষা যেরূপ দাঁড়াইয়া থাকে, যোগিবরের নিকট
সতী তেমনি দাঁড়াইয়া আছেন। করশোভন ক্রডাক্ষ-বলন্ত্র যুক্তকরের
পার্শ্বে হইয়া আছে। নিবিড় কেশরাজির চাপল্য নাই। তাহারা
স্থিরকৃষ্ণ যুম্পটল কিন্তা ক্রপ্ত শুম্বস্থিত আয় চন্দ্রবদনের পার্শ্বে স্থির
হইয়া আছে। থেন স্থির চিত্রের লেখা। যুক্তকরে তপ্রিনী তপ্রিবরের
নিকট কি প্রার্থনা করিতেছেন !

মহাদেব দেবীর আগমনপ্রভাব বুঝিলেন। ব্রহ্মানক টুটিয়া গেল।
কোন ব্যাকৃল প্রার্থনার আবেশে তাঁহার দৃষ্টি নিয়দিকে আবদ্ধ হইল।
মনোময়ী বাক্য উচ্চারণ না করিয়া মৌনভাবে তাঁহার প্রার্থনা শিবকে
ব্র্ঝাইয়া দিলেন।

শিবের ধ্যানভঙ্গ হইল। তিনি দেখিলেন, পদ্মনালের স্থায় কোমলকান্তি সতী মুক্তকরে দাঁড়াইয়া আছেন। তিনি সতীকে আদর করিয়া জিজ্ঞাসা করিলেন, "দেবীর কি অভিলাষ তাঁহাকে পূর্ণ করিতে হইবে ?" দেবী বলিলেন, "ভর্ত্দেব, নারদ আমাকে বলিয়া গেলেন, আমার পিতৃগৃহসম্বন্ধে কোন প্রশ্নের উত্তর দিতে তিনি নিষিদ্ধ। আমার আর কোন কথা শুনিবার প্রতীক্ষা না করিয়া তিনি বীণা বাজাইতে বাজাইতে চলিয়া গেলেন। আমার প্রাণ বড় ব্যাকুল হইয়াছে, আমি নারদের কথার ভাব বুঝিতে পারি নাই।"

শিব বলিলেন, "আমি তাঁহাকে মানা করিয়াছিলাম। কিন্তু তুমি এতটা জানিয়াছ যে, এখন আর গোপন করা চলে না। তোমার পিতা দক্ষ বাজপেয় ও বার্হস্পত্য যজ্ঞ অন্তঠান করিতেছেন। শুনিলাম, আমাদিগকে বাদ দিয়া বিশ্বশুদ্ধ সকলকে নিমন্ত্রণ করা হইরাছে। আমি নারদকে এই সংবাদ দিতে বারণ করিয়াছিলাম।" দক্ষ যে শিবের প্রতি কুদ্ধ হইয়াছিলেন, শিব তাহা সতীকে বলিতে কুন্তিত হইলেন।

সতী করজোড়ে দাঁড়াইয়া রহিলেন। তপম্বিনীর ত্রিনয়নে অঞ্চ দেখা দিল। শিব বলিলেন, "তুমি কি পিতৃগৃহে যাইতে অভিলামী হইয়াছ ? বিনা আহ্বানে তথায় যাওয়া কি উচিত ?"

সতী উত্তর করিতে পারিলেন না, তথাপি যেন মনোভাব ব্যক্ত করিতে ইচ্ছুক। ব্রীড়াবনত পূম্পলতার স্থায় তিনি মহাদেবের পাদপদ্ম

লক্ষ্য করিয়া নোরাইয়া পড়িলেন। যেন সেই চরণকমলে উাহার কোন বিনীত নিবেদন আছে।

শিব বলিলেন, "তুমি পিতৃগৃহে বাইতে চাহিতেছ, কিন্তু বিনা নিমন্ত্ৰণে আমি কি করিয়া বলিব 'তুমি বাও'।"

সতী বলিতে চাহিলেন, "নিমন্ত্রণ আবার কি ? তাঁহার বিরহিণী জননী বে তাঁহার পথের দিকে ত্ইটি চকু ফেলিয়া রাখিয়াছেন, সেনিমন্ত্রণ তিনি প্রাণের প্রাণে অমুভব করিতেছেন। তিনি দক্ষের আদরিণী কন্তা, পিতা কি মুহূর্ত্তেও কৈলাসপুরীর দিকে তাকাইয়া সতীর কথা চিন্তা করিবেন না ? সতীকে হল্তে ধারণ করিয়া যে তিনি সর্ব্ব শুভকার্য্যে মন্ত্রোচচারণ করিতেন, আজ কি সতীকে তিনি ভ্লিয়া যাইবেন ? কন্তাকে আবার নিমন্ত্রণ কে করিয়া থাকে ? নিজের মাতৃ পিতৃ অঙ্কে যাইবেন, কোন কন্তা তজ্জন্ত নিমন্ত্রণের প্রতীক্ষা করিয়া থাকে ? দক্ষপুরীর আম্রবনে সতীর স্বহন্ত রোপিত বৃক্ষগুলি এই উৎসবের সময় সতীকে হারাইয়া শাখাগ্র হেলনপূর্বকে তাঁহাকে খুঁজিতেছে। বাল্যস্থীগণ ও ভগিনীগণ সতীর জন্ত ব্যাকুল হইয়া আছে, সকলের আকর্ষণ তিনি মনে মনে অমুভব ক্রিকেছেন। পিতৃগৃহে বাইতে তিনি আর কোন নিমন্ত্রণের প্রতীক্ষা করিবেন !"

সতী করবোড়ে মহাদেবের পাদপাথে নিশ্চল দৃষ্টি স্থাপিত করিয়া দাঁড়াইয়াছিলেন, তিনি একটি কথাও বলেন নাই! যিনি কোন কথাই বলেন না, তাঁহার মনোভাব যেরূপ স্মুস্পষ্ট বোঝা যায়, অভ কাহারও দেরূপ নহে!

শিব কি করিবেন! তিনি দেবীর ইচ্ছা পূর্ণ করিতে সাহসী হইলেন না। এই স্ত্রে কি অনর্থ ঘটিকে তিনি তাহা আশঙ্কা করিয়া বিচলিত হইলেন। চল্লচুড়ের চন্দ্রবদনে শন্ধার হারা পড়িল। নন্দিকেশ্বর সকলই জানিতেন। তিনি বলিলেন, "মা তোমার এবার পিত্রালয়ে যাইরা কাজ নাই।"

বিমনা হইয়া সতী চলিয়া গেলেন—নিপুণভাবে গৃহকর্ম শেব করিয়া দেবী কৈলাসপুরীর রম্য বনাস্ত-ভূমিতে ঘাইয়া সন্ধ্যাকালে দাঁড়াইলেন। দেবী দেবিলেন—আকাশাস্বঞ্জিত করিয়া সারি সারি রথ চলিতেছে। কোনটি মাণিক্য-খচিত, কোনটি মরাল-বাহন,—ব্ঝিলেন, ইহারা তাঁহার পিতৃগুহের যাত্রী।

সহসা সমুজ্জল একথানি রথ সমুখে ভাসিয়া গেল। তাহা প্রদীপ্ত
মণিময়। তমধ্যে রক্তপটাম্বরধারিণী মরকতহার-লম্বিত-কঠ-দেশা মাহাকে
দেখিয়া তিনি চিনিতে পারিলেন। তৎপার্শ্বে কলহংসসদৃশ পাত্র চল্লের
বিমানে রোহিণী ও ভগিণীবর্গকে তিনি আভাবে দেখিতে পাইলেন।

এবার দেবীর হুদয় যেন শোকে বিদীর্ণ হইল। জননীর মুখখানি দেখিবার জন্ত দেবীর হুদয় ব্যাকৃল হইয়া উঠিল। সেই উৎকণ্ঠায় মহাদেব স্থির থাকিতে পারিলেন না। তিনি দেবীর সমুখে উপস্থিত হইয়া দেখিলেন, তাঁহার আনক্ষময়ী তপস্থিনী নিরানক্ষ, তদীয় বিস্থাধরের হাসি বিশুছ, মলিন-নেত্র অঞ্পূর্ণ।

শিব বলিলেন, "দেবি, তুমি নিশ্চয়ই বাইবে !" সতী বলিলেন, "প্রভুর ইচ্ছা হইলে আমি যাইতে এখনই প্রস্তুত হইব।"

শিব প্নরার বলিলেন, "দেবি, আমি তোমাকে ছাড়িয়া দিতে ইচ্ছা করি না। কিন্ত তুমি নিরানন্দ হইলে কৈলাসপুরীর তপস্থা বৃধা হইরা বার। ঐ দেখ জবা-কুত্ম শাখা-মলিন হইরা গিয়াছে। বিবদল শুকপ্রায়। পক্ষিণণ কাকলী বন্ধ করিয়াছে। তোমার ইচ্ছার বাধা দেওরার শক্তি

আমার নাই। নন্দী সিংহকে সাজাইয়া আন। দেবী পিতৃগৃহে যাইবেন।
তুমি ইংগার সঙ্গে থাকিও, তুমি থাকিতে ইংগার অনিষ্ট ঘটিবে না, আমি
এই ভ্রসায় পাঠাইতেছি।"

দেবী এই কথা বুঝিতে পারিলেন না। নন্দী মহাদেবের আদেশে সিংহকে সাজাইয়া লইয়া আদিল। কিন্তু তাহার মুখ জুকুটী-কুটিল, যেন ঘোর অনিচ্ছায় কোন মৃত্যুত্ল্য কঠিন আজ্ঞা সে বহন করিতেছে। দেবী নন্দীর এই ভাব দেখিয়া প্রীত হইলেন না। তাঁহারও হালয় যেন কোন অনিশ্চিত আশক্ষায় কম্পিত হইতে লাগিল।

#### ঙ

এত ঘটা, এত উৎসব—কিন্তু প্রস্থৃতি বিমনা। স্বাহা, ক্লন্তিকা, রোহিণী প্রভৃতি সকল কলা আসিয়াছে, কিন্তু প্রিয়তমা সতী কোথায়! আজ তাঁহার গৃহে চাঁদের হাট বসিয়া গিয়াছে, কিন্তু সতীবিহনে তিনি বেদনাভরা। যাহার মুখের দিকে চাহেন, তাহাকে দেখিয়াই সতীকে মনে পড়ে, আর অঞ্চলাত্রে নয়নজল মুহিয়া ফেলেন।

সতী অলক্তক-রঞ্জিত পদে নৃপুর শিক্ষিত করিয়া ছায়ার ভাষ তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ছুরিতেন। আজ সতী আসিবে না, কভা-বৎসলার হুদয় বিদীর্ণ হুইয়া যাইতেছে।

এক একটি করিয়া দেবরথ ঘণ্টারবে আকাশ নিনাদিত করিয়া অবতীর্ণ হয়, আর প্রস্তি মরালীর হাায় গ্রীবা উন্নত করিয়া ভাবেন, এই বুঝি সভী আসিল। কিন্তু সভী আসিবে না, এই সভ্য মনে অহন্তব করিয়া দরদরপ্রবাহে অশ্রু বিসর্জন করেন।

প্রতিবাসিনীরা আসিয়াছে। বর্গ-মর্জ্যের বিখ্যাত স্থন্দরীগণ আসিয়াছে। কৃটম্বিনীগণ আসিয়াছে। সকলেই বলিতেছে, সতী আসিবে না। শুনিয়া শেল-বিদ্ধা ছরিণীর স্থায় প্রস্থতি উঠিয়া যাইতেছেন। প্রস্তির নিকট আশ্বীয়া কর্দ্মশ্ববি-কন্থা অনস্থা আসিয়াছেন। একদল দেবকন্থা তাঁহাকে ঘিরিয়া তৎপুত্র দন্তাত্রেয়ের রূপমাধুরী ও ক্রিয়াকলাপ দেখিয়া প্রশংসা করিতেছেন। বালকের চন্দ্রমুখ দেখিয়া প্রস্তির সতীর কথা মনে হইল, অমনি অঞ্চলে চক্লু মুছিতে মুছিতে তিনি অন্তর্ক চলিয়া গেলেন। মরীচি শ্ববির স্থী কলা বাপীতারে বসিয়া আম্রবাটকা-শ্রেণী দেখিতেছিলেন। একটি মঞ্জরীপূর্ণ আম্রতক্র দেখাইয়া কলা শুধাইলেন, "রাণি, এই গাছগুলি কত বৎসরের ?"

প্রস্থতি বলিলেন, "এগুলি আমার মেয়ে সতী বিবাহের বৎসর রোপণ করিয়া গিয়াছে"—এই বলিতে যাইয়া তাঁহার কণ্ঠ নিরুদ্ধ হইয়া আসিল। সতীর জন্ম তিনি পাগলিনীর মত কাঁদিতে লাগিলেন।

মরীচি, অঙ্গিরা, অতি প্রভৃতি ঋষিগণ বসিয়া হোমাগ্নি প্রজ্ঞানিত করিতেছেন। অগ্নিদেব স্বয়ং জামাত্বেশে দক্ষের দক্ষিণ দিকে বেড়াইতেছেন। ধর্মরাজ শতরের প্রতি অতিরিক্ত সম্ভ্রম দেখাইয়ান্ম পদে ছুটাছুটি করিতেছেন। বিষ্ণু ও ব্রহ্মা শেষ সময়ে আসিবেন বলিয়া সংবাদ পাঠাইয়াছেন। দক্ষের তেজোলীপ্ত ললাটের শিখা অভিমানে ক্ষীত। কিন্তু দেবগণ সকলেই একটা অভাব বুঝিতেছেন। অগ্নি স্বয়ং চেষ্টা করিয়াও হোমাগ্নিকে উজ্জ্বলতা দিতে পারিতেছেন না। শ্রশানবিহারী ভিখারী শিবের অভাবে খেন উৎসবের আনন্দ কতকটা ভিমিত হইয়া গিয়াছে। বৃহস্পতির বাগ্মিতা লয় পাইয়াছে। তিনি মৌনভাবে দক্ষের বামদিকে অজিনাসনে বসিয়া কি চিন্তা করিতেছেন।

#### পোরাণিকী

স্বয়ং ভৃগু হোতা, মন্ত্র উচ্চারণ-কালে তাঁহার বক্ষঃ কম্পিত হইতেছে কেন !

দক্ষের অভিমানদৃপ্ত চিত্ত ক্ষণে ক্ষণে কোমল হইয়া পড়িতেছিল।
যজ্ঞশালার পার্থে একটি নিভ্ত প্রকোষ্ঠ সতীর খেলাঘর ছিল। কয়েকটি
স্বরহং স্তত্তের অবকাশ-পথে দেই গৃহ দৃষ্টিগোচর হওয়াতে দক্ষের মানসপটে সতীর মুখখানি অন্ধিত হইতেছিল। কিন্তু অভিমান মমতাকে স্থান
ছাড়িয়া দিতে প্রস্তুত নহে। ক্ষণমাত্র অভ্যমনস্ক থাকিয়া দক্ষ পুনরায়
উৎসবে ব্যস্ত হইয়া পড়িতেছিলেন।

#### 9

সতী দক্ষালয়ে আসিতেছেন। আসিবার সময় উৎসাহে মহাদেবকে প্রণাম করিতে ভূলিয়া গিয়াছিলেন। কিন্তু কৈলাসের অভ্রংলেহী চূড়া যখন নেত্রপথ উন্তীর্ণ হইয়া গেল, তখন সতীর ধ্যানস্থ-শিবমুন্তি কেবলই মনে পড়িতে লাগিল এবং কেন যে তাঁহার এমন ভ্রান্তি হইল, তজ্জ্য অত্যন্ত অস্থতাপ হইতে লাগিল!

সিংহ উবার মত আকাশ হইতে অবতরণ করিতেছে। পিণাক-পাণির বিরাট শৃলহন্তে ক্রক্টি-ক্টিল ক্রকটাক্ষ নন্দী পশ্চাতে আসিতেছেন। দেবীর কপালে সিন্দ্রবিন্দ্, কেশরাজি নিবিড় আগুল্কলম্বিড, তাহা সিংহের পৃষ্ঠ বাহিয়া পড়িয়াছে। বেন নিবিড় মেঘপংক্তি ডেদ করিয়া উবা ছুটিতেছে। ক্রন্তাক্ষের মাল্য ত্রিগুণিত হইয়া দেবীর বক্ষে বিলম্বিড। কর্ণে ক্গুল। দেবী বক্ষবসনা, অক্ষবলয়া, ললাটের উর্দ্ধে কেশকলাপে বিষদল ও জবাকুমুম আবদ্ধ। খেতচন্দনে ললাট দীপ্তা।

কপোলে অলকাতিলকার পরিবর্জে বিভূতি! একি অপক্ষণ বেশ!
নিলিকেশ্বর ক্বেরকে আংস্তান করিয়া দেবীর রাজরাজেশ্বনী-যোগ্য
মণিখচিত পরিচ্ছদ আনয়ন করিতে বলিয়াছিলেন। দেবী তাহা নিষেধ
করিয়া দিয়াছেন। তিনি যোগীর স্ত্রী যোগিনী; তপবিনীর বেশেই
তিনি পরিতৃপ্ত, অভ্য-বেশ তাঁহার প্রীতিকর নহে।

এই বেশে দেবী আসিতেছেন। হীরামণি-খচিত পট্টাম্বরণারিণী যে সতীকে প্রস্থৃতি সাজাইয়া হরকে প্রদান করিয়াছিলেন, এ ত সে সতী নহে। এ সতী বিচিত্র বর্ণোজ্জল সৌরকরদীপ্ত কুম্বমকোরক নহে। এ যেন সন্ধ্যামালতী—স্নিগ্ধ আনাড়ম্বর, কিন্তু চকুর পরমতৃপ্তি-সাধক। সিংহ ধীরে ধীরে দক্ষালয়ের নিকটে আসিল, অমনই কলরব পড়িয়া গেল, সতী আসিয়াছে। সেই কলরব অস্তঃপুরের প্রাচীর উত্তীর্ণ হইয়া যজ্জবেদীর পার্ষস্থিত দক্ষের কর্ণকুহরে প্রবেশ করিল, তাহাতে কঠিন হৃদয়ে অমৃত-নিষিক্ত হইল। কিন্তু দক্ষ মুণার হারা প্রীতিকে পরান্ত করিয়া বিমৃধ হইয়া বসিলেন।

কিছ বখন সেই কলরব প্রস্থতির কর্ণে প্রবেশ করিল, তখন তিনি জাপ্রতা কি ব্যাবিষ্টা তাহা বৃঝিতে পারিলেন না। এ কি মৃগতৃঞ্জিকা, না—উন্মাদ চিন্তকোভ! রাণী অন্তঃপ্র-হারে আসিলেন, "আমার সতী বক্ষে আয়" বলিয়া সিংহবাহিনীকে হত্তবয় অপ্রসর করিয়া দিলেন। সেই মৃহুর্জে মাতা-কন্সা আলিঙ্গন-বন্ধ হইয়া রহিলেন। উভয়ের গণ্ড প্লাবিত করিয়া নয়নাশ্রু পতিত হইতেছিল। কন্সা অভিমানিনী, মাতা লক্ষিতা। এই উৎসবৈও মেয়ে বলিয়া মনে হইল না, মা, তোমার পাগল জামাতাকে ছাড়িয়া আসিতে বুক ফাটিয়া গিয়াছে, বিনা নিময়্রণে তাঁহাকে আনিতে পারি নাই।

দেখিতে দেখিতে কুন্তিকা ও বোহিণী উপনীতা হইলেন। স্বাহাও তাঁহাদের পার্শ্বর্ত্তিনী: ক্লন্তিকা স্বর্ণ-খচিত "নীলাম্বরী" পরিয়াছিলেন. তাঁহার হন্তের শঙ্খবলয়ে চন্দ্রকান্তমণি নিবন্ধ ছিল। চন্দ্রের প্রিয়-মহিষীর কঠে নীলমণির কন্তী, তাঁহার কাঁচলীতে বিশ্বকর্মা সপ্তবিংশ ভার্য্যা সহ চন্দ্রদেবের উচ্জ্রল চিত্র আঁকিয়া দিয়াছিলেন। রোহিণীর বাম অঙ্গে দক্ষিণ বাহু স্থাপন করিয়া কুন্তিকা। তাঁহার বক্তপট্রবাসের প্রান্তভাগে শুভ্র মণিময় চিত্র অঙ্কিত; মন্তকে চল্রকিরণের মুকুট। পদে মণির মঞ্জীর, কিন্তু সাহার বস্ত্রখানি হুতাশনের জ্যোতির হায়। তিনি ধর্বা**হুতি** বিপুলনিতম। তাঁহার কেশরাজি একটি জ্যোতিমান্ পদ্মরাগ-মণির গ্রন্থিতে আবন্ধ। রোহিণী আসিয়া সতীর মৃত্তি দেখিয়া অবাক হইয়া গেল। "ভগিনী এক সিন্দুরই তোমার আয়ৎ-চিহ্ন, হল্তে রুদ্রাক্ষবলয়।" ক্বত্তিকা বলিল, "ছি। বন্ধল প্রাইয়া এই উৎসবে পাঠাইতে শিবের লজা ২ইল না ?" স্বাহা বলিল, "ভগিণী, তোমার এমন রূপ, আহা এত বড় চলের গোছা তৈল ও মার্জ্জনার অভাবে জটা-বন্ধ হইয়া গিয়াছে। জঙ্গলে মুক্তা ফেলার মত শিবের ঘরে তোমায় ফেলা হইয়াছে। আহা একখানি পদ্মরাগম্পিও কি তোমার হারে গাথিয়া দিতে পারিল না ? ইহার মধ্যে রবির ছই স্ত্রী—ছায়া ও সংজ্ঞা তথায় উপনীত হইলেন। একজন গঙ্গাজলী রেশমীশাড়ী পরিফাছিলেন। কৃষ্টি পাথরে বাঁধা-ঘাটের স্থায় সেই শাডীর উচ্ছল কৃষ্ণ পাছ বলমল করিতেছিল। তাঁহার উত্তরীয়াঞ্চলে স্বর্ণবিন্দু দীপ্তি পাইতেছিল। সংজ্ঞার মৃত্তি দীর্ঘ ওগৌরব-দীপ্ত। একথানি অয়স্কাস্ত মণির চূর্ণে রচিত নীলাভ বর্ণের বস্ত্র পরিয়া তি<mark>নি</mark> রূপের হিল্লোল তুলিয়াছিলেন। শচীর বাগান হইতে সংগৃহীত একটি মন্দারকুত্মের মালা তিনি কণ্ঠে পরিয়াছিলেন। ছায়া আসিয়াবলিল, "এই নাকি সতী! শিব আমার নিকট বলিয়া পাঠাইলে ত আমি একখানি রক্তমাণিক্যের অঙ্গদ ও ছইখানি হীরার বলর পাঠাইতে পারিতাম!—এক্সপ উৎসবেও কি এমন বেশে স্ত্রীকে পাঠাইতে হয়!" হারা ঘণার হাসি হাসিয়া বলিল, "ছইটা জবাফুল ও বিহুদল চুলে আটকাইয়া আসিয়াছে। দেবরাজের কাছে বলিয়া পাঠাইলেও ত একগাছি পারিজাতের হার পাঠাইয়া দিতেন—আমাদের কর্তার সঙ্গের বড ভাব, আমরা জানিলেও অহুরোধ করিতে পারিতাম।"

সতী এই সকল মন্তব্য শুনিয়া অন্বির হুইয়া উঠিলেন। জাঁহার একমূহর্ত্তও তথায় তিষ্ঠিতে ইচ্ছা বহিল না, গণ্ড আরক্তিম হইল। তিনি যাহাদিগকে শৈশবসঙ্গিনী, প্রিয়-ভগিনী বলিয়। জানিতেন, যাহারা একটি বনফুল পাইলে তৃপ্ত হইত, একটুকু মুখের হাসিতে উল্লসিত হইত, এ ত তাহারা নহে। সেই সরল স্বছন্দ প্রাণ যঞ্জের কবলিত হইয়াছে। সতীর হুদয় সেই স্থান হইতে বহিৰ্গত হুইবার জন্ম ব্যাকুল হুইয়া উঠিল। এমন সময়ে অতির স্ত্রী অনস্থা সেই স্থানে আসিয়া সতীকে দেখিয়া তক ১ইয়া দাঁডাইলেন। তিনি উৎসাহের স্বরে বলিয়া উঠিলেন, "এ কি দেখিতেছি, সাক্ষাৎ শক্তিরপিণী এই মেয়ে নাকি সতী। মরি, বিনা ভূষণে, বল্প-বদনে, জবাকুত্বম ও রুদ্রাকে শ্রীমৃর্ত্তির কি শোভা হইয়াছে! যোগিনীয় মত কুণ্ডল মা তোমাকে বড় সাজিয়াছে, মা তোমার পদের অলক্তকরাগ ধরিত্রী শিরোধার্য্য করিয়া লইতেছে, বিভৃতিতে কপোল বড় সাজিয়াছে। মা, কুবের তোমার ভাণ্ডারী, তথাপি তুমি সামান্ত জবাফুল পরিয়া আসিয়াছ--তুমি এই ধনরত্বসজিতা হৃদ্রীগণের পার্থ হইতে আমার নিকট এস।" আনন্দে প্রস্থতির মুখ প্রসন্ন হইরা উঠিল। তিনি সতীর প্ৰতি মন্তব্য শুনিয়া অধীয়া হইয়া পড়িতেছিলেন। সতীকে অনস্বায় সন্ধিনী

#### পোরাণিকী

করিয়া দিয়া মনে মনে শান্তিলাভ করিলেন। রোহিণী বলিল, "দেখ্লি, অনস্থা মাসীর কথা, উহারা ঐ এক রক্ষের। স্বয়ং ভগবান দন্তাত্তের নাম ধারণ করিয়া উহার গর্ভে জন্মগ্রহণ করিয়াছেন, এই গর্বের্ব উহার পা মাটিতে পড়িতে পায় না। উনি কর্দ্মশ্বির কন্তা, ভাঙ্গা কুঁড়েতে জন্ম, আধপেটা থাইয়া থাকেন, বাকল ভিন্ন একখানি খ্ঞাকাপড় কিনিবার কড়ি নাই, যা হোক, সতীর সঙ্গে মিশ্বে ভাল। বাবা কি সাথে ভাঙ্গড়ের যজ্জভাগ মানা করিয়া দিয়াছেন!" মুক্তবেণী দোলাইয়া আর্দ্রা রোহিণীর মুখ চাপিয়া ধরিয়া বলিল, "দিদি ও কথা বোল না, শিবের যজ্ঞভাগ মানা, এ কথা যেন সতীর কানে না উঠে; মা যে পুনঃ পুনঃ নিষেধ করিয়াছেন, তাহা কি মনে নাই ?" রোহিণী বলিল, "সতী এখানে নাই, তাহার কানে এ কথা উঠাবে কে ?"

অস্ত্রুলের গন্ধে বাপীতীর ভরপুর। দক্ষভবনের পরে এক বিশাল শামপট বিস্তারিত রহিয়াছে। বিপ্রহরে সৌরকিরণে স্থার পলীনিচয়ের তরুরাজি সমুজ্জল। মনে হইল যেন হরিং শস্তে বস্থন্ধরার শাড়ীর জমি প্রস্তুত হইয়াছে এবং সেই উজ্জ্জল, স্থারে অবস্থিত বৃক্ষ পংক্তি সেই শাড়ীর পাড়। সতী সেই স্থানে অনস্থার সঙ্গে দাঁড়াইয়া মৃক্তির আনন্দ অহড্ব করিলেন। দক্ষালয় হইতে যে কৈলাসপুরীর গগনালম্বী চূড়া তিনি প্রত্যক্ষ করেন নাই, সেই মুক্তস্থানে দাঁড়াইয়া তাহা দৃষ্টি গোচর হইল। অনস্থার পুত্র দন্তাত্রেয়কে দেখিয়া সতী হন্ত বাড়াইয়া তাহাকে থরিলেন। শিশু অন্তর্মবর্ষীয়। সে একটি পুজার সুলের জায় পবিত্র। সতী বলিলেন, "এই শিশুর মুখে ভগবানের ব্লপ আঁকা রহিয়াছে, দেবমাহ্ব-সমাজে এমন অপুর্ব্ব শিশু আমি দেখি নাই।" অত্রিপত্নী বলিলেন, "তুমি কি জান না যে, ভগবান্ আমার উদরে অবস্থান

করিতে সমত হইয়া এই শিশুরূপে অবতীর্ণ হইয়াছেন ? দল্ভের পিতা একশত বংসর একপদে দণ্ডারমান হইয়া ভগবানের তপ্সা করিয়া-ছিলেন, তিনি এই একশত বংসর তথু বায়ু সেবন করিয়াছিলেন। তাঁহারই প্রার্থনায় ভগবান আমাদিগকে কুপা করিয়াছেন।" এই বলিয়া অনস্থা একখানি প্রস্তবের উপর উপবেশন করিলেন। দম্ভাত্তের তাঁহার অঞ্চল ধরিয়া জাহুর সম্মুখে বসিয়া রহিলেন। সেই দ্বি-প্রহরের সৌর-কিরণ মন্দীভূত তেজে শিশুর কৃঞ্চিত জটাকলাপ স্পর্শ করিতে লাগিল। দতী তাহার রূপ দেখিয়া বিমল আনন্দলাভ করিলেন। অন্তয়া বলিলেন, "এই বাডীর স্ত্রীলোকেরা বলাবলি করিতেছিলেন— শিবালয়ে তুমি বড় কষ্টে থাক।" সভী উত্তর করিলেন, "আপনার कि মনে হয় ? किलानপুরীর অধের কথা कি বলিব। সেখানে জগতের সমস্ত সাধ যোগিবরকে দর্শনমাত্র পূর্ণ হইয়। যায়। কত দিন নিম্ব বৃক্ষমূলে দাঁড়াইয়া আমি ভাঁহার ধ্যানম্ব মৃত্তি দেখিয়াছি। আমি কুধা-তৃষ্ণা ভূলিয়া গিয়াছি। স্ত্রীজাতির ঈপিত বসন, ভূষণ, আড়ম্বর আমার নিকট ভুচ্ছ বোধ হইয়াছে। তাঁহার শ্রীমুপের বাণীই আমার कर्त्य जूवन, डाहात श्रमायाहे जामात हालत जनहात, डाहात मुख-চিন্তাই আমার অদয়ের হার হইয়াছে। বলিব কি, তাঁহাকে দেখামাত্র চিতাভন্ম পরম পবিত্র মনে করিয়াছি, সেই বিভূতিতে যে তত্ত্ব আছিত দেখিয়াছি, জগতের কোণাও তাহা নাই। এইজন্ম বিভূতি দেপিয়া যোগিনী সাজিয়াছি। তাঁহার জন্ম সিদ্ধি ঘাঁটিতে ঘাঁটিতে হাতে কড়া পড়িয়াছে বলিয়া ছায়াদিদি আক্ষেপ করিলেন। এ নন্দীর কাজ হইলেও সবই আমার কাজ। তাঁহার সেবার বে কট, তাহা বেন আমার জন্মে জন্মে পাইতে হয়, এই কড়াই আমার আহৎ-চিল।"

দেবী এই বলিয়া নীরব হইলেন। অনস্থা দেবীকে দেখিয়া মুং हरेलन। এकिं कि पछात्वा, अभविक्ति मठी, घरेरे डाँशांव मत অপতাম্বেহের উচ্ছাস জাগাইয়া তুলিল। ভাই-ভগিনীর মত ছুইটিকে দেখ যাইতে লাগিল। শিবকে যাত্রাকালে প্রণাম করিয়া আদেন নাই, এए বড় ভুল তাঁহার কেন হইল এই চিস্তা সতীর মনে একটা কাঁটার মত বিঁধিতে লাগিল। চারিদিকে বিচিত্র বর্ণের রঙ্গিন ফুল ফুটিয়াছিল; তুত ৰক-ফুলের অন্ধচন্দ্রাকৃতি প্রস্থন, কোমল-পত্রের মধ্যে পুষ্পাতরুর বন্ধাঞ্জলীর মধ্যে শিবোপহারের মত দেখাইতে লাগিল; অজ্জ মালতী कून नित्वत्र भारमञ्जू चार्कात्र चार्य भवित ताक इहेन: পশ্চিমাকাশের ডুবস্ত স্র্য্যের আলো-রঞ্জিত মেঘখণ্ড শিবপুজার একটা বৃহৎ তামকুণ্ডের মত দেখাইতে লাগিল। পলক-হীন চক্ষে সতী এই প্রাক্ততিক সৌন্দর্য্যের দিকে চহিয়া কছিলেন, "আজ সমন্ত জগত তাহার শোভাদৌন্দর্য্য লইয়া, দেবাদিদেব তোমারই পূজা করিতেছে! আমিই এই পূজারীদল হইতে বাদ পড়িয়াছি। বিচিত্র ফুলের উপকরণ লইয়া পূজারিণী প্রকৃতি ডোমার উদ্দেশ্যে ভক্তিপ্রেম নিবেদন করিয়া দিতেছে। আজ আমি তোমার পদে একটি জবা-ফুলের অর্থ দিতে পারিলাম না, তোমার কর্ণে ছুইটি ধুন্তুর পূব্দ পরাইতে পারিলাম না— বিবদল পাদ-পদ্মে ঠেকাইয়া প্রণাম করিতে পারিলাম না; আজ আমার দিন রুণা, ওধু তাহাই নহে, আজ আমার জীবন নিশিত, আমি তোমার নিশা কানে গুনিয়াছি; হে দেব! কবে আমি তোমার শত শত বীণাৰ ভাষ মধুর ও মহান কণ্ঠস্বর ত্রনিয়া কান জুড়াইব !"

এই কল্পনার মধ্যে আত্মহারা সতী ভূবিয়া পড়িলেন। তখন অনুস্থার কণ্ঠ-করে তাঁহার চিস্তার ত্ত্তে ছিন্ন হইণ; অনুস্থা

বলিতেছিলেন, "এই দকল সাংসারিক কুদ্র কুন্ত ত্থ-বিলাসে নিমজ্জিত মেরেরা শিবের গৌরব কি করিয়া বৃঝিবে ? সমুদ্র মন্থনের সময় কত वरुम्ला तक उथि उ रहेशाहिल-नम्ख (नवजाता जारा नृतिता नहेलन। কৌস্তভ-মণি লক্ষী বিষ্ণুর ভাগে পড়িল, পারিজাত-তরু, উচ্চৈ:স্রবা ও ঐরাবত ইন্দ্র গ্রহণ করিলেন; অপরাপর দেবতারা অমৃতের ভাগ পাইয়া অমর হইলেন। শিব একবারে নিশ্চেষ্ট ও উদাসীন, কিন্তু বখন দিতীয়বারের মন্থনে ক্লিষ্টকর্মা দেবাস্থরের অত্যধিক শ্রম জনিত নিঃশাসে বিষ-প্রবাহ উথিত হইয়া সমস্ত জগৎ ধাংস করিতে উভত হইল, তখন হতাশ উপায়হীন ও আর্জ দেবমগুলী সৃষ্টি রক্ষার জন্ম শিবের শর্ন সইলেন। জগতের এই আসর ধ্বংসকালে শিব সেই বিষতরঙ্গ গণ্ডুব করিয়া গ্রাস করিয়া ফেলিলেন, মুহুর্জ কাল তাঁহার ত্রিনেত্র স্পশিত হইল, মুহূর্ত্ত কাল তাঁহার কর্ণস্থিত অতি তল ধুকুর পুশাষয় কথঞিং মান হইল, তার পর আবার যে ধ্যানের মৃতি, তাহাই,—শুদ্র রজত-গিরিনিভ প্রসন্নবদন শিব। কিন্তু এই মহাসহিষ্ণৃতা ও ত্যাগের চিহ্ন-স্বরূপ নীলকঠের কণ্ঠ নীলিমারঞ্জিত হইয়া বহিল। দেবাদিদেব একদিন আমার খামী অতিকে বলিয়াছিলেন—'যাহা অন্তের উপেকিত, তাহাই আমার প্রাথিত ; স্থরঞ্জিত বহুমূল্য পট্টবন্ধ দেবতারা পরিধান করেন, কিছ বাঘের ছাল কেহ ঘুণায় গ্ৰহণ করেন না; আমি তাহাই কুড়াইয়া লইয়াছি। অপরাপরের জন্ম অগুরু চন্দন ও কস্তুরী; কিছ এই চিতাভন্ম—যাহা জগতের শেষ পরিণতি—ভাহা কে লইবে ? আমি এই চিতাভন্ম আদর করিবা অঙ্গে মাথাইবা লইবাছি। কৌস্তুভ এবং অপরাপর মণি-মুক্তা লইয়া দেবতারা কাড়াকাড়ি করেন, কিন্তু এই জটাজুটই আমার মাধার শোভা, ইহার মধ্যে গদার তরদ-ভদ্দের মধ্র রব আমার

মনে ব্রহ্মানন্দ জাগাইয়া দেয়। দেবতারা জগতের শ্রেষ্ঠ অহ ও হন্তী আরোহণ করুন; এই বৃদ্ধ বৃষভ সকলের পরিত্যক্ত, ইহাই আমার যান-বাহন। এই আড়ম্বর, এই ঐশ্বর্যা – এ সকলে আমার মন ভূলে ना, আমি আল্লার পরম সম্পদ ব্রহ্মধ্যান ও ব্রহ্মানন্দ চাই, আর কিছুর প্রার্থী আমি নই।' বলিতে বলিতে তাঁহার চকু ধ্যান-মগ্ন হইল এবং তিনি সমাধি-সিদ্ধুতে ডুবিয়া পড়িলেন; তখন তাঁহার মন্তক বেড়িয়া এক অপুর্ব্ব আলোচ্ছটা আগিতে লাগিল, এবং তিনি যে কোন নিগ্রা তত্ত্তান লাভ করিয়া জগৎ ভূলিয়া গিয়াছেন, তাহার আভাস দিতে লাগিল! এই আধ্যান্মিক সমৃদ্ধি অপরের বোধগম্য নহে। স্বতরাং विन निवदक दकर जून वृत्ता, उत्व ष्टः थिउ रहेदव ना । এकना विकृ বলিয়াছিলেন, 'আমি সকল দেবতার পূজ্য, কিন্তু আমি শিবের পূজক। দেবতারা অমর কিন্তু তাঁহারাও মাহুবের মত ঐশ্বর্যা ও প্রতিষ্ঠার উপাসক। निर निन्शृह, निर्शन, পाभमूक, वन्ननहीन। जामि कूरवतरक তাঁহার ভাণ্ডারী করিয়া দিয়াছিলাম, খর্ণময় কৈলাসপুরী তাঁহার নিবাস স্থির করিয়া দিরাছিলাম, কিন্তু তিনি শ্মশান-বাসী, যুগে যুগে একদিনও कूरवरत्रत्र (थाँक नन नाहे।'

এই সময়ে প্রস্তি আসিয়া বলিলেন, "গতি! একবার কিছু খাইয়া যাও।" অনস্থা সতীর হাত ধরিয়া ভোজনস্থানে উপস্থিত হইলেন। দক্ষের অপরাপর কল্লাগণ ভোজনে বসিয়াছেন, সতীকে সকলে আদর করিয়া তাঁহাদের মধ্যে বসাইলেন। ক্ষতিনা যত্বের সহিত সতীর কেশপাশ গুছাইতে গুছাইতে বলিলেন, "ভগিনি, তুমি কি বিরক্ত হইয়াছ ? তা' আর শিবপুরীর প্রসঙ্গে প্রয়োজন নাই। সকলেরই কিছু আচ্য ঘরে বিবাহ হয় না; বাছার যা, তাহাই ভাল। মা তোমাকে

আমাদের সকলের অপেকা উৎকৃষ্ট বস্ত্র ও ভূষণে অলক্কত করিয়া স্থামিগৃহে পাঠাইবেন, তা' যেরূপ ঘর, সে সব রাখিতে পারিলে হয়! তিনি প্রতি বংসরের উপযোগী ভূষণ ও বস্ত্র তোমাকে পাঠাইয়া দিবেন, তাহা হইলে তোমার আর কোন ছঃখের কারণ থাকিবে না।"

দেবী কোন উত্তর করিলেন না। এমন সময় চিত্রা সংজ্ঞাকে বলিলেন, "দিদি. শচীর সঙ্গে নাকি তোমার বড় ভাব ? শচীর হারে যে পল্মরাগ-মণিখানি, তাহা দেববাজ কোথায় পাইয়াছিলেন, তাহা কি শুনিয়াছ ! উহা ঠিক একটি অগ্নিক্ষুলিক্ষের ভাষ, বিশ্বকর্মা জহুরী তাহার পলগুলি কাটিয়া দিয়াছেন, এমন মণি অমরাবতীতে নাই।" সংজ্ঞা বলিলেন, "এ মণি ক্লম্-উপক্লমবের ঘরে ছিল, ইন্দ্র তাঁহাদের কোষাগারে প্রাপ্ত হন। উহা একবার মশাকিনীতে পড়িয়া গিরাছিল, ওনিয়াছি নাকি মন্দাকিনীর বে স্থানে উহা নিপতিত হইয়াছিল, সেই স্থান হইতে অপুর্ব্ব প্রভা বিকীর্ণ করিয়া জলের উপর ঠিক একটি উচ্ছল আলোর ফুলের মত দেখাইতেছিল, স্মতরাং তাহা উদ্ধার করিতে কোনই অস্থবিধা হয় নাই।" চিত্রা বলিল, "সংজ্ঞা-দিদি। তোমার শাডীখানা ভাই বড চমৎকার, অয়স্বান্তমণির গুঁড়ার যারা ইছা রাঙ্গান হইয়াছে, তোমায় উহা বেশ মানাইয়াছে।" ইহার মধ্যে রোহিণী বলিলেন, "ভাই, এখানে কি বেশী দিন থাকা চলে । মা আমার একটি মাস থাকিতে বলিয়াছিলেন: উনকোটি তারা আমাদের বাড়ীতে আলো দের, এখানে यन गर बाधांत बाधांत ठिक्टर, चात अधान हमारकतात वर् कहे. त्रथानकात विक्र हायाभाष विमात्न हिल्हा बाहे. चात्र ध পাডাগাঁৱের পথে কাঁকর কেবলই পায়ে বাজে।" রোহিণীর কথা শেব না হইতে আর্দ্রা বলিয়া উঠিলেন. "আমাদের সোমরস এখানে পাওয়ার

বড় কট, দৃত পাঠাইয়া আনিতে হয়; এখানে থাকা কি আমাদের সাজে ? আর আমাদের কর্ডাটির বদিও আমরা সাতাশ ভার্য্যা, তথাপি সব ক'টের সঙ্গে পাকা চাই, তিনি বলেন, 'ঠাট বজায় না রাখিলে মান-সন্তম থাকে না'।" ইহার মধ্যে স্বাহার এক পুত্র সতীর গা ঘেঁবিয়া বলিল, "সতি মাসি! শিব মেসো কি ক'রে বাঘছাল প'রে থাকেন ? মা বলছিলেন, তোমার ভাল ভাল শাড়ী ও অলঙ্কার বেচে নাকি তিনি ভাঙ্গ খেয়েছেন।" সংজ্ঞা বলিল, "হুই ছেলে, মাসীমাকে কি এ কথা বলিতে হয় ?" পুনর্বস্থ বলিল, তা বেচারি করবে কি, স্বীলোকের কপালে যা', তা ঘুচাবে কে ? সতি! তুমি মনে হুংখ ভেব না।"

মুক্ত ব্যোমবিহারী পক্ষীকে সহসা পিঞ্জরাবদ্ধ করিলে তাহার যেরূপ শাসরোধ হইবার উপক্রম ঘটে, এই পার্থিব বৈভবের আলোচনা— তাঁহার প্রতি কটাক্ষ ও অ্যাচিত সহাত্মভূতি—এ সমন্তই সতীকে সেইরূপ তীব্রভাবে পীড়ন করিতে লাগিল। সতীর মনে হইল, দক্ষপুরী আর তাঁহার যোগ্য নাই, তাঁহার একমাত্র ক্ষান কৈলাস। দেবাদিদেবের আনক্ষম বদন তাঁহার কেবলই মনে পড়িতে লাগিল; সেই বদনের ধ্যান-প্রশাস্তভাবে বিশ্বের হিত সন্ধল্লিত, সেইভাবে তিনি মাত্মেহ, ভগিনীর স্মিগ্নতা, স্বামীর আদর, সমন্তই অন্ধিত দেখিতে পাইলেন। কৈলাসপুরীর প্রতি তরুপল্লবে তিনি জ্মভূমি, নিবাসভূমি ও ম্বর্গের গৌরব একাধারে অহভব করিতে লাগিলেন। তিনি কি দেখিতে আগিয়াহিলেন, আর কি দেখিতে লাগিলেন! বতই তাঁহারা বেশভূষার সমালোচনা করিতে লাগিলেন, ততই তাঁহার বন্ধল প্রিয়তর ও শ্রেষ্ঠতর বোধ হইতে লাগিল। তাঁহার প্রাণ কৈলাসের জন্ধ অন্থির

হইয়া উঠিল। আজ শিবের চরণপদ্মে তিনি জবা ও বিষদল প্রদান করেন নাই, তাঁহার দিনটা র্থা ও শৃত্ত বলিয়া বোধ হইল। আকাশ-পানে তাকাইয়া দেখেন, মুক্ত অম্বর যেন দিগম্বের দিক্বাসের আয় প্রসারিত, উৎসবের নানা বাতরব অতিক্রম করিয়া তিনি পিনাকপাণির ভ্রমর্র-নিনাদ গুনিতে পাইলেন। তাঁহাদের রূপা তাঁহার অস্থ্র হইল, তিনি অতি সামাত্তরপ আহার করিয়া প্রস্তির নিকট আসিয়া কাঁদিয়া বলিলেন, "মা, আমি তোমাকে দেখিবার জন্ত আসিয়াছিলাম, একবার পিতাকে ভাকাইয়া আন, তাঁহাকে প্রণাম করিয়া কৈলাসপ্রীতে চলিয়া বাই। আমার মন বড় বাাকুল হইয়াছে।"

প্রস্থৃতি বলিলেন, "সে কি ! যজ দেখিতে আসিলে, যজ শেব না হুইতেই চলিয়া যাইবে ? একি পাগলের কথা !"

সতী বলেদেন, "কেন বলিতে পারি না—যজ্ঞের ধুম আমাকে ব্যথিত করিতেছে, যজ্ঞের মস্ত্রের শব্দ অসিদ্ধ ও অপূর্ণ বলিয়া মনে হইতেছে। বেদী-পার্যন্থ ব্রাহ্মণগণের কোলাহল অপবিত্র বোধ হইতেছে; আমি বলিতে পারি না, কেন এই যজ্ঞ আমার প্রীতি আকর্ষণ করিতেছে না। যজ্ঞেশ্বর বিষ্ণু ত এই যজ্ঞ অনুমোদন করিয়াছেন ?"

প্রস্তি বৃথিলেন, শিবানীকে না বলিলেও, এ বজ বে শিবহীন, তাহা সাধবী মনে মনে বৃথিতে পারিয়াছেন। প্রকাশ্যে বলিলেন, "সিংহটা চলিতে বড় দোলে, তাহার পূঠে এতটা পথ আসিয়া তোমার মাথাটা খুরিতেছে, এজন্ম কিছু ভাল লাগিতেছে না, তৃমি খাইতে পার নাই, ছই এক দিন আরামে থাকিলে স্কু হইবে। যজেশ্বর অস্মোদন না করিলে কি কোন যজের আরম্ভ হইতে পারে?" দক্ষ কোমল-ক্ষমা সতীকে পাছে কোন প্রকার অপমানস্চক কথা বলেন, এজন্ম

তিনি তনরার আগমনসংবাদ তখনও নিজে স্বামীকে বলিয়া পাঠান নাই।

এদিকে অন্তঃপুর-ছারে নন্দী দাঁড়াইয়া ছিল, তাহার ক্র কৃঞ্চিত হইয়া রহিয়াছিল। যজ্ঞের সমস্ত সম্ভারের যে দিকেই সে দৃষ্টিপাত করিয়াছে, তাহাতেই সে কুদ্ধ হইয়া পড়িয়াছে। যজ্ঞের ধুমে তাহার দাসরোধ হইতেছিল। বেদী-সন্নিহিত হোমাগ্রি তাহার নিকট চিতাগ্রির মত বোধ হইতেছিল; কেন তাহার হৃদয় বিচলিত হইতেছিল, সে নিজেই বুঝিতে পারে নাই। যজ্ঞভাগ যে শিবকে নিবেদিত হইবে না, এ কথা সে জানিত না, কিন্তু সমস্ত দক্ষপুরীর বায়্তর তাহার শরীরে জলস্ত অগ্রিশিখার ভার প্রদাহ উপস্থিত করিতেছিল; ভাবী কোন অমঙ্গল আশ্বায় তাহার বিশাল বক্ষ কর্পে কম্পিত হইতেছিল।

#### u

দক্ষ যজ্ঞশালায় বসিহা আছেন, সতী বিনা নিমন্ত্রণেই আসিয়াছেন, এ সংবাদ তাঁহার কর্ণগোচর হইয়াছে। একবার ভাবিতেছেন—সতী আমার বড় আদরের কন্তা; আমার শয়নপ্রকোঠে দিনরাত্রি আমার পরিছদাদি যত্নপূর্বক রাখিত, কতদিন বাছ দিয়া আমার কণ্ঠ জড়াইয়া ধরিয়া আমার প্রাণ স্লিষ্ক করিত; আমাকে অপর কল্লারা ভয় করিয়াছে, ভাহাদের আমার নিকট যাহা কিছু প্রার্থনা থাকিত, সতীর মুখে তাহারা তাহা আমাকে জানাইত। সতীকে কখনও কোন বছমূল্য অলহার, এমন কি সামাল একটি বনফুল দিলেও, সে ভাহার

ভাগনীদিগের সকলকে তদ্রপ এক একটি না দিলে নিজে লইত না;
আমার নিকট হইতে কত ছন্দে তাহা আদার করিয়া তবে ছাড়িত।
সতী চলিয়া বাইবার পরে আমি দিনরাত্রি ম্বপ্রের ভায় তাহার ছায়া
আমার শয়নপ্রকোঠে, আম্রবাটকায়, যজ্ঞশালে, প্জামগুপে, থেলাঘরে
দেখিতে পাইতাম; সতীর সেই মধ্র হাসি, রত্মাহজড়িত কর্ণাবলম্বী
কেশদাম, পদের অলক্তক-প্রভা ও নৃপ্র-শিঞ্জন আমার সর্বাদা মনে
পড়িত। আহারের পর যে আমার ভ্রুতাবশেষ খাইয়া তৃপ্ত হইত,
নিজায় যে শিয়রে বসিয়া আমার বাজন করিত, কোণায়ও যাইতে
হইলে পাছকাদ্বয় ও উঞীষ লইয়া আমার পার্ষে ভ্রেরের ভায় দাঁড়াইয়া
থাকিত, যাওয়ার কালে দিদিদের জন্ত এবং আমার জন্ত এই জিনিষ

আনিবে বলিয়া কানে কানে কত কহিয়া দিত, ব্রাহ্মণ ভোজন করাইবার জন্ম, কাঙ্গালীর জন্ম, কত সামগ্রা চাহিয়া লইত, প্রাত্তে সভঃপ্রাত হইয়া মূর্ত্তিমতী উষার ন্থায় দেবপূজার জন্ম ফুল কুড়াইত, প্রথ দিয়া নিত্য নিত্য অন্তঃপুরে প্রবেশ করিত, সেই সতীকে ঐপথ দিয়াই কৈলাসপুরীতে বিদায় করিয়া দিয়াছি। এই উৎসবে আজ বিজগৎ নিমন্ত্রিত, যে আসিলে আমার গৃহ আনক্ষমর হইবে, সেই আনক্ষমরীকে বাদ দিরাছি—তথাপি আসিয়াছে। একবার বক্ষের ধনকে বক্ষে লইতে পারিলে যেন হৃদ্যের সকল আলা জুড়াইত; আজ এই উৎসবের দিনে কেন জলিয়া পুড়িয়া মরিতেছি।

কিন্ত সহসা শিবের সেই নিশ্চেষ্ট প্রশান্ত উপেক্ষা ও নন্দীর জাকুটিকুটিলানন মনে পড়িল, চিন্তাস্রোত ভিন্ন দিকে প্রবাহিত হইল—"আমি
প্রজাপতিগণের অধীশ্বর, সর্বাভূতের কর্তা ও অধিনায়ক, আমাকে

# পোরাণিকী

খুত্বসেবী ভাঙ্গড় অপমান করিয়াছে—সতীকে সেই ভূতপ্রেতসেব্য বিন্ধপাক্ষের হল্তে দিয়াছি! আমি সতীকে আর দেখিতে চাহি না। সতী পিতৃগৃহে তাহার পিতার বৈভব দেখিয়া যাক্ এবং সে যে উপেক্ষিতা, তাহার স্বামী যে নগণ্য, এ কথা ভাল করিয়া বৃঝিয়া যাক।"

এই সময় পৃষা ঋষি বলিলেন, "সেই শিবদ্ত নন্দীটার মতো কালো একটা বীভৎস আকৃতি দেখা যাইতেছে, অন্তঃপুরের দারের পার্ষে ক্রকুঞ্চিত করিয়া দাঁড়াইয়া আছে।"

দক্ষের ক্রোধাগ্নিতে এইবার আহতি পড়িল। "কি ভাঙ্গড় বেটা সেই ত্রাত্মা অন্নচরকে সতীর সঙ্গে পাঠাইতে সাহসী হইয়াছে ? আজ সতীকে আমি উচিত শিক্ষা দিব।"

ভগদেবের দিকে বক্ত-দৃষ্টিপাত করিয়া দক্ষ বলিলেন, "সতীক্ষা এসেছে; এত বড় উৎসবটা, ভাঙ্গড় আর না পাঠাইয়া কি করে। বা হোক হুষ্টের শিক্ষা দেওয়া উচিত; আমি সতীকে বজ্জবলে আনিয়া এইখানে সেই মর্কটাক্ষ যোগীর ইতিহাস কীর্ডন করিব, সভাস্থলে এই সকল কথা হুইলে তাহার অসমানের চূড়ান্ত হুইবে।"

ভৃত্ব ও প্ৰার উৎসাহে স্পদ্ধিত দক্ষ সতীকে অন্তঃপুর হইতে সেই যজ্ঞশালায় ডাকাইয়া আনিলেন। প্রস্তি বাতাহত কদলীপত্রের স্থায় অন্তঃপুরে কম্পিত দেহে রহিলেন, আজ কি ঘটিবে ভাবিয়া তাঁহার মুখখানি বিশুষ হইয়া গেল।

ধুসর তমিআর্ত গোধুলির স্থায় বন্ধলবদনা, অক্ষরলয়া সতী সভাস্থলে উপস্থিত হইয়া, নতচকে দক এবং অপরাপর পূজনীয়বর্গকে প্রণাম করিলেন। তাঁহার পাদপলের প্রভাষ হোমাগ্রি জ্যোতিয়ান্

হইল, তাঁহার নিশ্বাদে যজ্ঞকর্ম নির্মলতর হইল, তাঁহার জটাবন্ধ রক্তবর্ণ জবা শিবের ক্রোধের স্থায় যেন ধ্বকৃধ্বকৃ করিয়া জ্বলিয়া উঠিল। এই অপুর্ববেশী ক্সাকে দেখিয়া মদগর্বিত দক্ষ ক্রুদ্ধয়রে বলিলেন, "সতি ! তোর কপালে যা ছিল তাহা ঘটেছে, এখন তুই মনে কর যেন তুই বিধবা, সধবা হইয়াও ত বিধবার বেশেই আছিস, মনে করিতে বিশেষ কষ্ট-কল্পনা করিতে হইবে না। তুই কি প্রজাপতিগণের অধীশর, স্টেকর্ডা ব্ৰহ্মার প্রিয়তম মানসপুত্র দক্ষের কন্তা, না সেই ধৃভূরসিদ্ধিসেবী, কুমন্তাপ্রিয় ভাঙ্গড়ের স্ত্রী ? ভূই এই বেশে এখানে আদিতে লব্জা বোধ করিলি না! ভৃগুর যজ্ঞসভায় সমস্ত দেবমগুলীর সমক্ষে আমি তাহাকে প্রহার করিতে বাকী রাখিয়াছিলাম, সেই অণমানসত্তেও তোকে আবার পাঠাইল কোনু মুবে ? ভূতপ্রেতের সঙ্গী, চিতাভশ্রপ্রিয় জন্তর হতে তোকে দিয়াছি, তথু পিতৃইজ্লায়। এখন তুই মরিলে আমার এ লজ্জা দুর হয়। তুই নাকি বড় পতিব্রতা! তবে কি জানিস্ না বে, ছরাল্লা त्रवाक्रा निवदक व्याभ (एव-न्यांक श्रेट्ड निकाविज कविश पिशाहि; যজ্ঞভাগে তাহার কোন অধিকার নাই; তথাপি তুই কেন এসেছিস্ ? এই কি তোর পতিভক্তি ! দে সাপুড়ে, পার্ববতারাজ্যের অসভ্য, জাতি-কুলের বিচারহীন, বর্ণাশ্রম মানে না ; তাহার লমুগুরুভেদ নাই । আমি তোকে আমার আলয়ে স্থান দিতে পারি, যদি প্রায়ন্ডিন্ত করিয়া কৈলাদে আর কখনও যাইতে পারিবি না বলিরা অঙ্গীকার করিস্।"

ভৃগু এই নিশাবাদে পরম প্রীতিলাভ করিয়া শাল্র দোলাইতে লাগিলেন, এবং মহাহর্ষে পুনা ঋষির সমস্ত দম্ভণংক্তি কেতকীকুমুমের স্থায় বিকশিত হইয়া পড়িল। অপর অপর ঋষিরাও দক্ষের কথা অসুমোদন-পূর্বাক ক্রমাগত শিবের কাহিনী কীর্ত্তন করিয়া উাহাকে

ধিকার দিতে লাগিলেন। দেবতাদের মধ্যেও আনেকে প্রকাশভাবে কিছু বলিতে সাহসী না হইলেও দক্ষের প্রবল শক্তিতে আশ্বন্ত হইয়া নিশ্চিন্ত মনে দক্ষের নিশাবাদ শুনিতে কৌতৃহল প্রদর্শন করিতে লাগিলেন।

দেবী আর ভনিতে পারিদেন না। শিবনিন্দা ভনিতে ভনিতে কর্ণের শক্তি চলিয়া গেল, সেই নিন্দা উচ্চারণকালে পিতৃমুখের জ্রকটি দেখিতে দেখিতে তাঁহার দর্শনশক্তি তিরোহিত হইল। সেই শিবহীন যজভূমিতে দাঁড়াইরা পদহয় নিশ্চল হইয়া গেল, হোমাগ্রির অশিব হ্যাতি-স্পর্শে প্রাণের স্পন্দন রুদ্ধ হইতে উন্নত হইল। শিবনিন্দকের দেহ হইতে তিনি জাত হইয়াছেন. এই ঘুণায় সেইস্থলে চিতার স্থায় অগ্নি জলিয়া উঠিল, সেই অগ্নি তাঁহার কটিবিলম্বিত বল্পনাগ্র লেহন করিয়া প্রজ্ঞানত হইল। বাহুজ্ঞান কল্প কলিয়া মহাদেবী যোগবলে দেহত্যাগে সংকলাকঢ় হইলেন। তাঁহার মহিমান্বিত মুদ্ধি বিশুণ প্রথর হইয়া উঠিল। পিতৃরক্ত যে ধমনীতে প্রবাহিত, সেই ধমনী যোগপ্রভাবে রুদ্ধ করিয়া মহাযোগিনীর বেশে তিনি নিশ্চল চিত্রপটের স্থায় স্থির রহিলেন। নির্বাণকালে দীপাশখার ভায় যোগিনীর অধিকতর দমুজ্জ্বল হইয়া উঠিল। দেখিতে দেখিতে সাদ্ধ্যগগনের শোভার ভায় একটি মৃছ্ প্রভা সেইস্থানে বিকীশ হইয়া ধুমময় জ্যোতিঃশিখায় পৰ্য্যৰসিত হইয়া গেল—সেই জ্যোতিঃশিখা দক্ষপুরী ছাড়িয়া চলিয়া গেল। ক্ষণ পরে দেখা গেল, সতীর মৃতদেহ সেই স্থানেই পড়িয়া আছে। মহাদেব সেই চিহ্ন দেখিবেন এজন্ত তাহা मध इस नाहे।

নন্দিকেশ্বর সেই সভার পশ্চাতে দাঁড়াইয়াছিল, সে সতীর সভে সঙ্গে

অন্তঃপুরের বার হাড়িয়া আসিয়াছিল; যখন দেখিল সতী দেহত্যাগ করিলেন, তখন ভীষণ শূল লইয়া সে যজ্ঞশালাকে আক্রমণ করিল। কতান্তের ভায় তাহার মুর্জি ভীষণ হইল, তাহার মন্তকের অসংস্কৃতজ্ঞ টা-কলাপ বর্ধাকালের মেঘের ভায় প্রধ্মিত ও ক্ষম্বর্ণ হইয়া উঠিল, দেহ হইতে জালা বিকীর্ণ হইতে লাগিল। যজ্ঞ নষ্ট হয় দেখিয়া হোতা ভ্রন্থ অগ্নিতে আহতি প্রদান করিলেন, তাহাতে ঋতু নামক এক খড়াহন্ত দেবতা হোমানল হইতে উদ্ভূত হইল, সে নন্দীর শূল কাড়িয়া লইল ও বজ্ঞশালা হইতে তাহাকে তাড়াইয়া দিল।

#### 8

স্তী বিদায় লইয়া বাওয়ার পরে শিব বিচলিত হইয়া পড়িলেন। প্রসন্ন শিবমুখে বিবাদের রেখা পড়িল। বাইবার সময় আগ্রহাতিশরে সতী তাঁহাকে প্রণাম করিয়া বান নাই—এক্নপ শুম তাঁহার কেন হইল ? শিব মনে মনে তাঁহাকে আশিস্ করিতে লাগিলেন, আশীর্কাণী আকাশের উদ্বরে ঠেকিয়া ফিরিয়া আসিল, শিব দেবীর অমঙ্গলাশস্কায় বিচলিত হইয়া উঠিলেন।

সতী যে স্থানে স্থান করিতেন, সেথানে অলকান্দা ও মন্ধা নায়ী নদীব্ব গঙ্গাধারার সঙ্গে মিশিরাছে। তাহার পার্ধে সৌগদ্ধিক নামক বন, সেই বনে নানাবর্ণের স্থলপদ্ম ও প্রাগর্ক। শিব সেই স্থানে বিচরণ করিতে লাগিলেন, ভাঁহার জ্টাবদ্ধন খুলিল, কটিতে শার্দ্ধ্য কুল খসিহা পড়িল। মন্ধানদীতে গন্ধর্ক-রমণীগণের স্থানকালে তাহাদের গাত্তি নবকুকুমে জল পীতবর্ণ

# পোরাণিকী

হয়, তিনি মনে করেন, সতীর পদ-শোভন অলক্তক প্রক্ষালিত করিয়া মশা রক্তবর্ণবিশিষ্টা হইয়াছে, অমনই জটা এলাইয়া নদীসলিলে তাহা সিক্ত করেন।

সতীর অঙ্গজ্যোতিঃ সৌরকিরণে অহতব করিয়া তিনি অন্তচ্ডাবলম্বী স্ব্যের পার্থে দাঁড়াইয়া থাকেন। সেই কিরণে জটা পিঙ্গল বর্ণ ধারণ করে। মহাদেব ভাবেন, দেবীর অঙ্গপ্রভায় তাঁহার মন্তক জ্যোতিয়ান্ হইয়াছে।

কখনও কখনও দক্ষের আলয় লক্ষ্য করিয়া ত্রিনেত্র অশ্রুপ্র হয়।
ভোলানাথ সকল ভূলিয়াও সতীকে ভূলিতে পারেন নাই। তাঁহার
বিজ্ঞলাবস্থা দর্শনে কৈলাসের শোভা মলীভূত হইল; মল্লিকা স্থাস
হারাইয়া বসিল; বিল্লল তরুণাখায় বিশুক হইল; চম্পক, পাটল ও
দেবীর প্রেয় কর্ণিকার পূপা স্ব স্ব বিচিত্র বর্ণচ্যুত হইল। স্থরধূনী
কুলকুল স্বরে বিষাদের গান গাইয়া কৈলাসপ্রীকে মুখরিত করিয়া
ছুটিতে লাগিল। কখনও বিধ্মূলে কখনও দেবদারু—ক্রমনিয়ে শিব
উন্মন্তের স্লায় বসিয়া থাকিতেন। এক রাত্রি একদিন চক্ষের পলক পড়ে
নাই—ভোলানাথের কেবলই ভূল হইতে লাগিল।

সহসা সঘন নিশ্বাসপাতে কৈলাসের শৃঙ্গ কম্পিত হইয়া উঠিল।
কোন দারূণ মনোবেদনার স্বর কৈলাসের প্রস্তরে প্রস্তরে প্রতিধানিত
হইয়া উঠিল। এ কে আসিতেছে—যাহার অসংযত পাদবিক্রেপে
কৈলাসের প্রশোভান বিধ্বস্ত হইয়া যাইতেছে। কাহার হস্ত-সঞ্চালনে
করকাঘাতের স্থায় রক্ষশাখা ভালিয়া পড়িতেছে। এই অসংযত,
সম্ভ্রমহীন, নিভাঁক ব্যক্তি কে যে, ক্লন্তের আবাসে এরূপ অসতর্ক,
এরূপ উদ্ধৃতবেশে উপস্থিত হইতে সাহসী। বিশ্বমূলাসীন শিক

নির্নিমেব দৃষ্টিতে ত্রিনেত্র স্থির করিয়া অভ্যাগতের পদ্বার দিকে বন্ধলক্য হইলেন।

এ কে ? এই অসংযত জটাকলাপ, শূল-বিচ্যুত নন্দী আসিতেছে।
মা' মা' রবে কাঁদিয়া সে দিঙ্মগুল বিদীর্ণ করিয়া কেলিতেছে। তাহারই
উন্মন্ত, শোকার্জ বিক্রতগতিতে কৈলাসগিরির প্রকম্পন হইতেছে; ছিন্ন
শালবৃক্ষ কিংবা ভগ্ন ইন্দ্রধন্ত, অথবা ব্যোমচ্যুত ধ্মকেতৃর স্থায় হাহাকার
করিয়া নন্দিকেশ্বর শিবের পাদমূলে পতিত হইল।

শিবের কিছুই বুঝিতে বাকি রহিল না। শাস্ত সমুদ্রের স্থায় শিব প্রভাষকালে বিশ্ব-বিনাশ করিয়া থাকেন। বখন দেবদায়-মূলে প্রফুল কমলসদৃশ কর্ময় অঙ্কে স্থাপন করিয়া ইনি ধ্যানম্থ থাকেন, তখন কে বুঝিতে পারে, প্রলয় কালে এই শিবের প্রশাস্ত জটাজুট ব্যোমের সমস্ত দিকে উত্তপ্ত লোহশলাকার স্থায় বিকার্ণ হইয়া পড়ে? তখন কে বুঝিতে পারে, ইহার কর্ম্বত শূলাগ্রে দিগ্ছন্তিগণ বিদ্ধ হইয়া উৎক্ষিপ্ত হয় এবং ইহার উচ্চ ও কঠোর হাস্তধ্বনিতে মেঘ সকল বিলীপ হইয়া যায় এবং তাঁহার রোদ্র-তাশুবে নক্ষ্রগণ কক্ষ্যুত হয় ?

আজ সেই প্রলয়কালীন বিষাণ সহসা বাজাইয়া মহাদেব তাণ্ডৰ
নৃত্য করিতে লাগিলেন। তাঁহার জটা জলস্ত হুতাশনের স্থায় জ্ঞালিতে
লাগিল, অট্টহাস্থা করিয়া তিনি একগাছি জটা ভূতলে নিক্ষেপ
করিলেন।

সেই জটা-পতনে ভয়ঙ্কর বীরভদ্র বীর সমূখিত হইল, তাহার মন্তকের ক্লফ মেঘোপম মুক্ট গগনাবলম্বী হইয়া রহিল এবং হন্তের শূল ক্লডান্তনাশক জীক্ষতা প্রাপ্ত হইয়া হত্যাকার্য্যের প্রতীকা করিতে লাগিল।

সতীর মৃত্যুতে দক্ষের অন্তঃপুরীতে হাহাকার রব উত্থিত হইল। দতী যে এ ভাবে প্রাণত্যাগ করিবেন, দক্ষ এতটা মনে করেন নাই। স্বতরাং সেই স্থানের সকলেই মন:পীড়া প্রাপ্ত হইলেন। ভৃগু নিশ্লভাবে যজ্ঞমন্ত্র পাঠ করিতে লাগিলেন। পুষা হোমানলে হব্য ঢালিতে লাগিলেন। দক্ষ মনকে প্রবোধ দিবার জন্ম আত্মকর্মের সমর্থন-যোগ্য যুক্তিগুলি মনে মনে আলোচনা করিতে লাগিলেন। এমন সময় সহসা ধূলিপটলে দিল্লগুল সমাচ্ছন্ন হইল, বীরভদ্র সেইস্থানে এক বিশাল লৌহস্তজ্বে ভাষ উপস্থিত হইষা বেদীমূলে দাঁড়াইলেন। ভুগু বে বক্ষবিলম্বিত শাশ্রুরাজি দোলাইয়া দক্ষের নিন্দা অমুমোদন করিয়াছিলেন, তাহা করদারা মার্জনা পূর্বকে জ্রকুঞ্চিত করিয়া পুনরায় যজ্ঞানলে আহুতি দিতে যাইবেন, এমন সময় বীরভদ্র তাঁহার শাশ্রুরাজি দৃঢ়-মৃষ্টিতে ধরিয়া সগ্রীব মুখমগুলটি চক্রাকারে সুরাইতে লাগিলেন এবং ধুমরেখার ভাষে জ্রমেরাজি ও গঙ্গাষমুনার মিশ্রিততরঙ্গ-নিশিত শাশ্রুরাজি উৎপাটিত করিয়া হোমানলে অর্পণ করিলেন। ভর্গদেব যে চকুছ য়ৈর ইঙ্গিত করিয়া দক্ষকে উৎসাহিত করিয়াছিলেন, সেই চকু ছ'টি বিক্ষারিত করিয়া সভয়ে বীরভদ্রের কার্য্যকলাপ প্রত্যক্ষ করিতেছিলেন, চকু ছ'ট বীরভদ্রের নখাগ্রে উৎপাটিত হইল। महर्षि भूषा यख्यक्राल वित्रया उक्क नामक यख्यभाव हहेरा व्यक्षिरा हवा নিকেপ করিতেছিলেন। যে কোন বিষয় উপলক্ষেই তাঁহার দম্বপংক্তি বিকাশ পাইত-দক্ষের নিন্দায় পরম পরিতোষ পাইয়া সেই ছাত্রিংশ দত্তের সমস্তগুলিই যজ্ঞস্লীর উপস্থিত ব্যক্তিগণের দর্শনীয় হইয়াছিল, শিব-কিছর চণ্ডেশ বিনা বাক্যব্যয়ে সেই দক্তপুলি উৎপাটন করিয়া ফেলিলেন। ঋষিগণ কমগুলু ও অজিনাসন করে ধারণ করিয়া পলায়নপর হইলেন। রুস্তপার্যদ মণিমান্ স্থ্যদেবতা ও বমকে বাঁধিয়া ফেলিলেন; সহস্র চক্ষু বিক্ষারিত করিয়া দেবরাজ ইক্ষ উর্জমুখে পলায়ন করিয়া আত্মরক্ষা করিলেন। প্রতিহারী ও সশস্ত্র সৈনিকবর্গ কে কোথায় ছুটিয়া পলাইয়া গেল, তাহার ঠিকানা পাওয়া গেল না; সেই যজ্ঞশালা ভূতপ্রেতের তাগুব-নৃত্যে শ্মশানের স্থায় হইয়া গেল।

দান্তিক দক্ষ স্বীয় দেব-শক্তি নেত্রকনীনিকায় পৃঞ্জীভূত করিয়া দৃষ্টিছারা যে অগ্নি প্রজালিত করিলেন, তাহা সহু করিতে অসমর্থ হইয়া
চণ্ডেশ দুরে সরিয়া গেল, কিন্তু বীরভদ্রের দেহে যে কালানলপ্রভ ছ্যুতি
ছিল, তাহার স্পর্শে দক্ষের নেত্রাগ্নি মন্দীভূত হইয়া লয় পাইল।
বীরভদ্র দক্ষের গ্রীবাধারণ পৃর্কাক তাঁহাকে পশুহননের হাড়িকার্ছে
বাঁধিয়া ফেলিলেন এবং ক্ষণপরে পশুহননের অস্ত্রছারা তাঁহার মন্তক
ছিখন্ডিত করিয়া ফেলিলেন।

যজ্ঞ পণ্ড হইয়া গেল, ব্রহ্মা ও বিষ্ণুর নিকট এই সংবাদ পৌছিল, ভাঁহারা শিবের নিকট উপস্থিত হইলেন। মহাবাত্যার পর প্রশান্ত প্রকৃতির ভায় শিব বিশ্বমূলে বসিয়াছিলেন। তিনি সতীর চিস্তা পরিহারপূর্বক ধ্যান-নিমগ্ন ছিলেন। সেই যোগানন্দ উদয়ের সঙ্গে তদীয় বিশ্বাধরে পুনরায় প্রশান্ত উদাসীনের হাস্ত-রেখা অন্ধিত হইতেছিল।

ব্ৰহ্মার কমগুলু ও বিষ্ণুর চক্র যুগপৎ তাঁহার পদম্পর্শ করাতে তদীয় ধ্যান ভঙ্গ হইল, তখন সতীর ভন্ন হদরে দারুণ জালা অহভব করিলেন। তিনি ব্রহ্মা ও বিষ্ণুকে দেখিয়া বলিলেন, "দক্ষের জন্ম আপনারা আসিয়াছেন, আমি নন্দীর আর্ডনাদে মুহুর্জকাল আত্মবিশ্বত হইয়া কুদ্ধ হইয়াছিলাম, তখন কি হইয়াছে জানি না। যদি দক্ষ বিনষ্ট হইয়া থাকেন, তাহা জগতের ইপ্টের জন্ম। দক্ষ আমাকে প্রত্যাখ্যান করিয়া জগতের সমস্ত বৈভব-বিতৃষ্ণ মুমুক্ ব্যক্তিকে প্রত্যাখ্যান করিয়াছেন। বাহার! দৈহিক প্রবের পক্ষপাতী নহেন, বিশ্ব-হিত বাহাদের মুসমন্ত্র, এমন সকল ঋষি যজ্ঞে উপস্থিত হন নাই। দক্ষ আমাকে ত্যাগ করিয়া ভাঁহাদিগকে প্রত্যাখ্যান করিয়াছেন। যে বাহাদারিদ্রা না হইলে চিন্তের শ্রীবৃদ্ধি হয় না, আমাকে প্রত্যাখ্যান করিয়া সেই দারিদ্রোর প্রতি ঘূণা প্রদর্শন করিয়াছেন। আর ব্রীলোকের যে একনিষ্ঠ প্রেম-যোগ, সতীর মৃত্যুতে দক্ষের হস্তে তাহারই অবমাননা স্টেত হইতেছে। বিশ্বের মঙ্গল-লোহী এক্লপ দান্তিকের প্রভুত্থ ধরিত্রী সন্থ করিতে পারেন নাই।"

দেবগণ বলিলেন, "হে মঙ্গল-আলয়! জগতের ইটের বিদ্ম না হইলে রুদ্রের রৌদ্র ভাব বিকাশ পাদ্ম না, বিশের প্রয়োজনেই স্বয়ন্ত্র রুদ্রত উপস্থিত হইয়া থাকে। এখন জগবন্! একবার স্বচক্ষে যজ্ঞশালা দেখিয়া আহ্মন, কাঞ্চনপ্রতিমা সতী যজ্ঞকুণ্ডের পার্বে পড়িয়া আছেন, একবার সেই চিত্রখানি দেখুন।"

মহাদেব সতীর নাম শুনিয়া একটি দীর্ঘনিশাস ত্যাগ করিলেন, কৈলাসের সমস্ত তরুর ফুল সেই নিখাসে শুকাইয়া গেল।

সতীর অবস্থা দেখিবার জন্ম ভোলানাথ বিষ্ণু ও ব্রহ্মার সঙ্গে সেই যজ্ঞশালায় উপন্ধিত হইলেন। দেখিলেন, যজ্ঞস্থলী রণস্থলীর স্থায় বীভংস-দর্শন হইয়াছে। দক্ষের মুগু ও শরীর পৃথক্ হইয়াছে, ঋণিগণ দারুণ প্রহারে রক্জাব্রুদেহে মুচ্ছিত হইয়া আছেন—হোমানলে রক্ত পৃড়িয়া ছর্গন্ধ হইয়াছে, অন্তঃপুরে হাহাকার উঠিয়াছে। নন্দী চীৎকার করিয়া মা' মা' বলিয়া কাঁদিতেছে ও বীরভন্তর, চণ্ডেশ প্রভৃতি শিবসহচরগণ যজ্ঞধ্বংস করিয়া রোষক্যায়িত নেত্রে বসিয়া আছে। আর দেখিলেন, বেদী হইতে একটু দুরে সতীর দেহ ভৃতলে পড়িয়া আছে। বিদায়কালে যে জবাটি তাঁহার কেশপাশে লগ্ন ছিল, তাহা ঠিক সেইরূপই আছে। বল্পনাস বস্তু হইয়া জাহুর উপর আকুঞ্চিত হইয়া আছে। দেহের বিভৃতির সঙ্গে যজ্ঞের ভন্ম মিশিয়া গিয়াছে, রুলাক্ষের হার ছিঁড়িয়া গিয়াছে, একটি রুলাক্ষ কঠের নিকট গড়াইয়া পড়িয়াছে—আর সতী শিবের সৌগন্ধিক বনে কর্ণিকার ও স্থলপন্মের সন্ধানে যাইবেন না! শিব ত্রিনেত্র বিস্তারিত করিয়া সাঞ্চীর সেই মুর্জি অবলোকন করিলেন।

তাঁহার কোন ক্রোধ হইল না, যজ্ঞাগারে নিহত ব্যক্তিগণ তাঁহার ববে বাঁচিয়া উঠিল। দান্তিক দক্ষের শিক্ষার জন্ম তাঁহার হাগমুও হইল! সেই স্থানে যজ্ঞেশ্ব হরি শ্বয়ং সেই যজ্ঞের পূর্ণাছতি প্রদান

করিলেন: দক্ষ যজ্ঞের সমস্ত অবশিষ্ট ভাগ শিবকে প্রদান করিয়া তাঁহাকে স্তুতি করিলে আশুতোষ প্রসন্ন হইলেন।

### 25

সেই প্রিয়দেহ অনাবৃত যজ্ঞশালায় পড়িয়াছিল, তৎপার্থে নন্দিকেশ্বর আত্মহারা হইয়া কাঁদিতেছিল; দেবাদিদেব সেই দেহ আছে তুলিয়া লইলেন! সেই মৃতদেহের ভূজলতা তাঁহার কঠে লগ্ন হইল। শিব জগত ভূলিয়া সেই আনন্দে সতীকে লইয়া পর্বতকন্দরে ভ্রমণ করিতে লাগিলেন।

সেই মৃতদেহ তাঁহার স্বন্ধে স্থাপিত হওয়তে রোলে গুল্ক হইল না, বাত্যার্টিতে বিচলিত বা গলিত হইল না। একটি অমান কুস্থমের মালার স্থায় তাহা স্বন্ধাবলম্বী হইয়া রহিল। সতীর বিধুমুখের উপর শিব-ললাটের অর্দ্ধেশ্বর জ্যোতিঃ পড়িতে লাগিল, দেই জ্যোতিঃ উত্তাসিত হইয়া তাঁহার কেশ-বন্ধনীতে লগ্ন জবাকুস্থমটি দীপ্ত মরকতের স্থায় দেখা যাইতে লাগিল। দেবীর বন্ধলবাস শিবের ব্যন্থ-চর্মকে আদরে স্পর্শ করিল; শিবের বিভূতি সতীর কোমল অঙ্গে যেন সম্বেহে স্থামিস্পর্শ আঁকিয়া দিল। একি মহিমান্বিত হবি! চক্ষ্রচুড় যেন হিমবানের স্থায়—উন্নত দেহঞী, গলাধারা-নিকণে জটাকলাপ-নিনাদিত, তদ্ক্ষে অর্ধ্বশনী, তাঁহার বরাল অবলম্বন করিয়া অতসীকুস্থমবর্ণা, বন্ধলবন্দা দেবী নিদ্রিতার স্থায়।

মহাদেব সেই স্পর্শস্থার উন্মন্ত হইলেন। তিনি কখনও মনে করেন, বধুবেশী সতী দক্ষগৃহ হইতে কৈলানে তাঁহার পার্শে আসিয়া

দাঁড়াইয়াছেন। তাঁহার কেশকলাপ পুগদ্ধি তৈলনিবেকে উজ্জলকান্তি, বেণীবদ্ধ স্বৰ্ণমাপা পুঠে ছলিতেছে, সিঁথীতে সিঁথীপাটা এবং বাহতে কছণরাজিত, রক্তপট্টবাস মন্তকের উপর স্বর্ণবিন্দুসহ ঝলমল করিতেছে; চন্দনদীপ্তমূর্ত্তি সতী তাঁহার বামভাগে দাঁড়াইয়াছেন। কখনও ভাবেন, সতী কৈলাসে আসিয়া অঙ্গদ কমণ ত্যাগ করিতেছেন, যোগিনী সাজিবার জম্ম রক্তপট্টবাস ত্যাগপুর্বক বন্ধল পরিতেছেন, সিঁথিপাটী ফেলিয়া দিয়া জবাফুল পরিতেছেন, খর্ণ-কুগুল ফেলিয়া কর্ণিকার পুষ্পের কুণ্ডল গড়িয়া পরিতেছেন এবং সর্মী-তীরে দাঁড়াইয়া আপনার যোগিনীর মৃত্তি প্রতিবিম্বিত দেখিয়া বিধুমুখে ঈষৎ হাস্ত করিতেছেন। কখনও ভাবেন, যেন দেবী নন্দীর হস্ত হইতে সিদ্ধি ঘোটনদণ্ড নিজে গ্রহণ করিয়া সিদ্ধি ঘুটিতেছেন, কখনও বা সৌগদ্ধিক বনের ফুল আনিয়া তাঁহার পদে অর্পণপূর্বক মৃত্তাশু করিতেছেন, কখনও তাঁহাকে অন্নব্যঞ্জনাদি পরিবেশন করিতে কীণাঙ্গে শ্রমজনিত স্বেদবিন্দু গড়াইয়া পড়িতেছে,—বিধুমুখে অপূর্ব ক্ষান্তি বিকশিত হইতেছে ও এক হল্ডে বায় চালিত অবশুঠন টানিয়া দিতেছেন। কখনও দেখেন, সতী যেন স্লিগ্ধস্পর্লে তাঁহার পদসেবা করিতেছেন, সেই স্থখ-স্পর্ণে যোগানন্দ টুটিয়া যাইতেছে; কখনও বিল্বমূলে বসিয়া তিনি তাঁহাকে জন্মস্ত ও শবরের কাহিনী শুনাইতেছেন, সতী একাগ্র হইয়া শুনিতেছেন। कथन ७ (मर्थन, कार्ष्ट्रंत्र त्वांका रुख कदिया नश्री माँ छारेश चारह, সতী রন্ধনশালায় তাহা হইতে ওছ কাঠ সংগ্রহ করিতেছেন; কখনও বা বিজয়া তাঁহার আগুল্ফলম্বী মুক্ত-কেশপাশ আঁচড়াইয়া দিতেছেন। ক্ষমও বন্ধন-স্থালীর কালী পদে লগ্ন হইয়াছে, অলকানশার তীরে বলিয়া তিনি বৰলের খুঁট দিয়া তাহা মার্জনা করিতেছেন; কখনও

উদ্প্রীব হইয়া শিবের পলিয়াতে ধৃন্তবুর ফল আছে কি না তাহাই পরীকা করিতেছেন, কখনও মৃদ্ মনোরম বাক্যে শিবের কর্ণে অমৃত-নিবেক করিয়া পার্কিত্যোৎসবে মিলিত হইবার জন্ত নন্দীর নিমিন্ত এক দিনের বিদায় প্রার্থনা করিতেছেন।

শিব নৃত্য করিতে করিতে চলিয়া যাইতেছেন, পাহাড় নদী সরিয়া যাইয়া তাঁহার পথ করিয়া দিতেছে। নিব সতীর স্পর্শে বিরহব্যথা ভূলিয়া গিয়াছেন, অপূর্ব্ব মিলনানন্দে মাতোয়ারা হইয়া পড়িতেছেন। নিব দেখিলেন, সতীর স্পর্শ তাঁহার বাহু-বল, সতীর প্রেম তাঁহার যোগবল, সতীর সৌন্দর্য্য তাঁহার ত্রিনেত্রের বিলাস—আকাশের মেঘনায় সতীর কেশপাশ মুক্ত, সম্দ্রের তরঙ্গ-ভঙ্গে সতীর বক্ষলবসনের ভঙ্গী, পর্বতের গাত্রে সতী বল্পরীক্ষপে, পুষ্ণারূপে নয়নাভিরাম।

এই জগৎ তিনি আপনার ও সতীর প্রকাশ বলিয়া বুঝিলেন; তিনি
নিশ্চেষ্ট, অচল—সতী ক্রীড়াশীল, গতিমগ্নী ও তাঁহাকে কার্য্যের প্রেরণা
দিতেছেন। তাঁহার রূপ নাই, গুণ নাই, তিনি অক্ষয়, অম্বিডীয়।
সতী রূপবতী, গুণবতী, তাঁহাকে নিরস্তর মুগ্ধ রাখিতে শক্তিশালিনী।
সতীই তাঁহার স্থ—সতীই তাঁহার ছঃখ। সতীকে বাদ দিলে
বিজগতের সঙ্গে তিনি সম্বন্ধহিত হইয়া পড়েন, অপর ঘই চক্ষু দৃষ্টিহার।
হইয়া পড়ে,—কেবল ললাটের নেত্র কোন উর্দ্ধ রাজ্যে লক্ষ্যবদ্ধ হইয়া
নিশ্চল হইয়া যায়। বিজ্ঞগৎ তাহার কোন সন্ধান বলিতে পারে না।

এই আনন্দে বিহবল, প্রিয়তমাম্পর্শ-মুখে উন্মন্ত শিব নৃত্য করিয়া
চলিতেছেন। যুগ যুগ চলিয়া গেল এই নৃত্য—এই পর্যাটনের বিরাম
নাই। যোগী ভোগী হইয়া পড়িলেন, শিব মায়াযুক্ত হইলেন। জগৎ
আবার অকল্যাণ গণনা করিল।

তখন বিষ্ণু স্বান্ধণে অধিষ্ঠান করিয়া চক্র ছারা সতীর দেছ খণ্ড বিখণ্ড করিয়া কাটিয়া ফেলিলেন।

যেখানে ভারতীয় উপসাগর শুর্জার-দেশের শৈল-কঠিন তটদেশে তরঙ্গাভিঘাত করিতেছে, সেই করাচির উত্তরস্থিত হিঙ্গুলায় সতীর বেষারক্ষাপতিত হইল।

পঞ্চনদের তীরে আঘালার সন্নিহিত চিত্রিত মেঘমালার স্থায় পর্ব্বত-শ্রেণীর উপাত্তে আলাম্ধীতে বিষ্ণুচক্রকর্ত্তিত হইয়া সতীর জিলা পতিত হইল।

বঙ্গদেশের দক্ষিণ প্রাস্তন্থিত, বঙ্গোপসাগর-চুম্বিত তালখর্জুর-নিষেবিত বাক্লাপরগণাস্বর্গত শিকারপুর স্থিছিত ত্মগদ্ধায় দেবীর নাসিকা পতিত হইল।

বীরভূম জেলার অন্তর্গত আমোদপুরের সন্নিহিত লাজ-পুরে দেবীর ওঠ,—গীতাবিরহ-খিন্ন রামচন্দ্রের পদচারণপুণ্য জন-স্থানে দেবীর চিবুক, ভূষর্গ কাশ্মীরে দেবীর কণ্ঠ, কালীঘাটে অঙ্গুলী, বারাণগীতে কুগুল, এই প্রকার ৫১ ভাগে বিভক্ত দেবীর অঙ্গ প্রত্যঙ্গ বিভিন্ন স্থানে পতিত হইল। সমন্ত ভারতবর্ষের সেই পুণ্য দেহাবশেষ বিক্ষিপ্ত হইয়া তত্তংস্থান-সমূহকে পীঠস্থানে পরিণত করিল। সেই পুণ্য ভারতবর্ষে পাতিব্রত্য ধর্ম প্রতিষ্ঠা পাইল। এদেশে যে রমণী স্বামী-প্রেমে প্রাণত্যাগ করেন, তিনি অভাপি সতীর নামে পরিচিত হইয়া থাকেন। ভারতবর্ষের শত শত অজ্ঞাত পল্লীতে যজ্ঞায়ির স্থায় পবিত্র চিতায়িতে মুণে মহিলাগণ স্বামীপ্রেমে আল্লোৎসর্গ করিয়া 'সতী' নামে পূজা পাইয়াছেন।

এখনও স্বামী-নিশাসহনাক্ষম সাধ্বীর নিশাস এদেশের অন্তঃপুরুক্

পৰিত্ৰ করিতেছে; প্রিয়তমার শব স্বন্ধে ধারণ করিয়া ভোলানাথ বে উন্মন্ত অবস্থায় ভূপর্যাটন করিয়াছিলেন, সহধর্ষিণীর প্রতি এই প্রগাচ অস্বরাগের আদর্শ এদেশের চিত্রকরগণ আঁকিয়া ও কবিগণ বর্ণনা করিয়া ধক্ত হইরা থাকেন।

সহসা মহাদেব ব্ঝিলেন, তাঁহার স্বন্ধে আর সেই স্পর্ণ নাই।
চমংকত হইরা দাঁড়াইয়া কঠে ও স্বন্ধে হন্ত-প্রদানপূর্বক দেখিলেন—
তাহা শৃষ্ম। অকসাং তাঁহার ফ্লারবিন্দত্ল্য মুগ্ম নেত্র নিমীলিত হইল
এবং ললাটনেত্র তীক্ষ বচিঃ বিস্তার করিয়া হতাশনের স্থায় জ্বলিয়া
উঠিল—কামনার শেষ সেই নেত্রের দৃষ্টিতে পুড়িয়া গেল। তিনি
স্ক্ষতত্ত্বে আরুচ হইরা বোগানন্দে নিমগ্র হইলেন। ত্রিজগতের সঙ্গে
তথন আর তাঁহার কোন সম্বন্ধ রহিল না। আবার কত মুগ মুগান্তর
পরে সেই সমাধি ভঙ্গ হইবে—দেবতারা সম্ভ্রমের সহিত তাহার প্রতীক্ষা
করিতে লাগিলেন।